# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌপরিবহন অধিদপ্তর
এর হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

**রিপোর্ট নম্বরঃ ৬/২০২৩**

# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর রিপোর্ট

নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌপরিবহন অধিদপ্তর
এর হিসাব সম্পর্কিত কমপ্লায়েন্স অডিট রিপোর্ট

**রিপোর্ট নম্বরঃ ৬/২০২৩**

# সূচীপত্র


| ক্রমিক নং | বিবরণ | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|
| | **প্রথম অংশ** | |
| ১ | মুখবন্ধ | v |
| | **অধ্যায়-১** | |
| ২ | অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী | ১ |
| ৩ | নির্বাহী সারসংক্ষেপ | ৫ |
| ৪ | অডিট অনুচ্ছেদসমূহের সারসংক্ষেপ | ৭ |
| ৫ | শব্দ সংক্ষেপ | ৯ |
| | **অধ্যায়-২** | |
| ৬ | অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ | ১৩ |
| | **দ্বিতীয় অংশ** | |
| ৭ | পরিশিষ্টসমূহ | ৩৫ |

# মুখবন্ধ

১। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর সরকারি হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

২। নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীন নৌপরিবহন অধিদপ্তর এর ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের আর্থিক কার্যক্রমের উপর পরিবহন অডিট অধিদপ্তর কর্তৃক নমুনামূলক যাচাইয়ের মাধ্যমে অডিট সম্পাদনপূর্বক এই রিপোর্ট প্রণয়ন করা হয়েছে। সরকারি সম্পদ ও অর্থ ব্যবহারের ক্ষেত্রে চিহ্নিত গুরুতর আর্থিক অনিয়মসমূহের সাথে জড়িতদের জবাবদিহিতার আওতায় আনয়ন করাই এই রিপোর্টের মূল উদ্দেশ্য।

৩। এই রিপোর্টে অন্তর্ভুক্ত ১০টি অনুচ্ছেদে বর্ণিত অনিয়মসমূহ নিরীক্ষিত প্রতিষ্ঠান প্রধানসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় এর প্রধান হিসাবদানকারী অফিসার বরাবর ইস্যু করা হয়েছে এবং তাদের জবাব বিবেচনাপূর্বক এই রিপোর্ট চূড়ান্ত করা হয়েছে।

৪। এই অডিট সম্পাদন ও রিপোর্ট প্রণয়নে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল কর্তৃক জারীকৃত Government Auditing Standards of Bangladesh অনুসরণ করা হয়েছে।

৫। জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩২ অনুযায়ী এই রিপোর্ট মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

তারিখ: ____________ বঙ্গাব্দ।
২৮/৯/২০২৩ খ্রিষ্টাব্দ

**(মোহাম্মদ মুসলিম চৌধুরী)**
বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল

# অধ্যায়-১

# অডিট বিষয়ক সংক্ষিপ্ত তথ্যাবলী

### রিপোর্ট সম্পর্কিত তথ্যঃ

এই রিপোর্ট নৌপরিবহন মন্ত্রণালয় এর অধীন নৌপরিবহন অধিদপ্তর এর ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের হিসাবের উপর কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠানের উপর প্রযোজ্য আইন, বিধি, প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) ইত্যাদিকে অডিট Criteria হিসেবে বিবেচনাপূর্বক উচ্চ ঝুঁকির ক্ষেত্র চিহ্নিত করে নমুনায়নের মাধ্যমে মাঠ পর্যায়ে নিরীক্ষা সমাপনান্তে রিপোর্টটি প্রস্তুত করা হয়েছে।

### অডিটি প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যঃ

### নৌ-পরিবহন অধিদপ্তর এর পরিচিতি ঃ

নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনে নৌপরিবহন অধিদপ্তর একটি রেগুলেটরি সংস্থা। সংস্থাটি ১৯৭৬ সালে স্থাপিত হয়। মহাপরিচালক অধিদপ্তরের প্রধান হিসেবে কার্য পরিচালনা করেন। অধিদপ্তর বাংলাদেশ মার্চেন্ট শিপিং অর্ডিন্যান্স, ১৯৮৩, ইনল্যান্ড শিপিং অর্ডিন্যান্স, ১৯৭৬, বাংলাদেশ পতাকাবাহী জাহাজ (স্বার্থরক্ষা), আইন'২০১৯ (বাংলাদেশ ফ্ল্যাগ ভেসেল (প্রটেকশন) অর্ডিন্যান্স, ১৯৮২ সংশোধন পূর্বক প্রণীত) ও সময় সময় সরকার কর্তৃক নির্বাহী আদেশের মাধ্যমে প্রদত্ত কার্যক্রমসমূহ সম্পাদন করে। ১৯৭৬ সনে অধিদপ্তরের গঠন, ১৯৮৩ সনে এনাম কমিটির রিপোর্ট এবং পরবর্তীতে সরকারি আদেশ অনুযায়ী সমুদ্র পরিবহন অধিদপ্তরের অধীনে নিম্নলিখিত অফিসসমূহ রয়েছে।

- নৌ-বাণিজ্য দপ্তর, চট্রগ্রাম;
- সরকারী সমুদ্র পরিবহন অফিস, চট্রগ্রাম;
- অভ্যন্তরীণ নৌ-যান জরীপ ও নিবন্ধীকরণ অফিস, ঢাকা/নারায়নগঞ্জ/বরিশাল/খুলনা;
- অভ্যন্তরীন নৌ-যান পরিদর্শনালয়, প্রধান কার্যালয়, মতিঝিল/সদরঘাট/নারায়নগঞ্জ/চাঁদপুর/পটুয়াখালী/বরিশাল/খুলনা/ চট্রগ্রাম;
- আঞ্চলিক নৌযান সার্ভে এন্ড রেজিস্ট্রেশন/পরিদর্শন অফিস, ভৈরব/কক্সবাজার/রাঙ্গামাটি/আরিচা/ভোলা/মোংলা/চাঁদপুর/চট্রগ্রাম;

### জনবল কাঠামো ঃ

অনুমোদিত জনবল = ৩৮১ জন

বিদ্যমান জনবল = ১৯৭ জন

শূন্যপদ = ১৮৪ টি

প্রতিষ্ঠানের অর্গানোগ্রামঃ

## Directorate of Shipping



## প্রতিষ্ঠানের কার্যাবলী :

নৌপরিবহন অধিদপ্তর নিম্নোক্ত কার্যসমূহ সম্পাদনের মাধ্যমে দেশের সার্বিক উন্নয়নের গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

- অভ্যন্তরীণ জাহাজের কর্মকর্তা/নাবিকদের যোগ্যতা সনদ পরীক্ষা গ্রহণ/পরিচালনা;
- অভ্যন্তরীণ নৌযানের সার্ভে ও রেজিস্ট্রেশন করা;
- অভ্যন্তরীণ নৌযানের নকশা ও ডিজাইন অনুমোদন;
- আইন অমান্যকারীদের বিরুদ্ধে মেরিন কোর্ট-এ বিচার কার্য পরিচালনা;
- বে-ক্রসিং অনুমতি প্রদান;
- নৌ-দুর্ঘটনা তদন্ত করা;
- ভ্রাম্যমাণ নৌ-আদালত পরিচালনা;
- ক্লাসিফিকেশন সোসাইটিসমূহের কার্যক্রম মনিটরিং করা;
- সকল ধরণের নাবিকদের চক্ষু পরীক্ষা গ্রহণ;
- অভ্যন্তরীণ নৌযান পরিদর্শন;
- আইন অমান্যকারী নৌযান/মালিক/মাষ্টার-দের বিরুদ্ধে মামলা প্রদান;
- ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সহায়তা করা।

## প্রতিষ্ঠানের Key Performance Indicator (KPI) :

- নিরাপদ ও ব্যয় সাশ্রয়ী নৌ-পরিবহন ব্যবস্থাকরণ;
- মেরিটাইম সেক্টরে দক্ষ জনবল সৃষ্টি, চাহিদা মাফিক ও চাকুরির যোগ্যতা অর্জনের লক্ষ্যে শিক্ষা প্রদান;
- সকল স্তরে ব্যবস্থাপনা দক্ষতা উন্নয়ন;
- তথ্যপ্রযুক্তির ব্যবহার জোরদারকরণ। নৌপথের নাব্যতা সংরক্ষণ;
- আমদানি ও রপ্তানি বাণিজ্যে মালামাল পরিবহনে সহজলভ্য এবং আধুনিকীকরণ ইত্যাদি।

## প্রতিষ্ঠানের বাজেট সম্পর্কিত তথ্যঃ

(হাজার টাকায়)

| অর্থবছর | বাজেট | ব্যয় |
|---|---|---|
| ২০১৯-২০২০ | ৬,০৪,৯৪২ | ৪,৪৩,১৬৫ |
| ২০২০-২০২১ | ৮,১৯,৩৯৭ | ৪,৮০,২৮৪ |
| মোট= | **১৪,২৪,৩৩৯** | **৯,২৩,৪৪৯** |

**জিওবি প্রকল্পসমূহের বাজেট**

(হাজার টাকায়)

| অর্থবছর | বাজেট | ব্যয় |
|---|---|---|
| ২০১৯-২০২০ | ৭,৩৩,৬০০ | ৪,১৭,৮২৩ |
| ২০২০-২০২১ | ৮,৯০,৪০০ | ২,৮০,৩৪৭ |
| মোট= | **১৬,২৪,০০০** | **৬,৯৮,১৭০** |

### অডিটের আইনগত ভিত্তিঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১২৮(১) অনুযায়ী বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল প্রজাতন্ত্রের সরকারি হিসাব এবং সকল আদালত, সরকারি কর্তৃপক্ষ ও কর্মচারীর সরকারি হিসাব অডিট করার জন্য ক্ষমতাপ্রাপ্ত।

### অডিটের পরিধিঃ

নৌপরিবহন অধিদপ্তরে ২৮টি অফিস/ইউনিটকে ঝুঁকির ধরন বিবেচনায় ১৩টি অফিস ইউনিটকে উচ্চ ঝুঁকি, ০৪টি অফিস ইউনিটকে মধ্যম ঝুঁকি এবং ১১টি ইউনিট/অফিসকে নিম্ন ঝুঁকি সম্পন্ন ক্যাটাগরীতে বিভক্ত করে নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করা হয়েছে। উক্ত কার্যালয়সমূহের বেতন ভাতা ব্যতীত পরিচালন ব্যয় ও উন্নয়ন ব্যয়কে গুরুত্ব দিয়ে উচ্চ ঝুঁকি সম্পন্ন বিবেচনা করে সেগুলোকে নিরীক্ষাক্ষেত্র হিসেবে চিহ্নিত করা হয়েছে।

### অডিট প্ল্যানিং ও অডিট পরিচালনা সংক্রান্ত তথ্য:

**অডিটের বিষয়বস্তু ঃ**

- সকল প্রকার লেনদেন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণপূর্বক ব্যয় করা হয়েছে কিনা।
- Financial Rules and Regulations মোতাবেক ব্যয় করা হয়েছে কিনা তা যাচাই।
- পিপিএ, ২০০৬ ও পিপিআর, ২০০৮ অনুসরণপূর্বক ব্যয় করা হয়েছে কিনা তা যাচাই।
- Delegation of Financial Power অনুসরণ করা হয়েছে কিনা।
- এনবিআর কর্তৃক জারীকৃত আয়কর ও ভ্যাট সংক্রান্ত আদেশ ও SRO (Statutory Regulatory Order) অনুসরণ করা হয়েছে কিনা।

### অডিটের কৌশল ঃ

প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা, প্রতিষ্ঠানের বিধি-বিধান, সংগৃহীত তথ্যাবলীসমূহ হতে ঝুঁকি নির্ধারণ করে অডিট প্ল্যান প্রণয়নপূর্বক নিরীক্ষা কার্যক্রম সম্পাদন করা হয়েছে। নিরীক্ষা সম্পাদনের ক্ষেত্রে নিম্নলিখিত পদ্ধতিসমূহ অবলম্বন করা হয়েছে।

- সাক্ষাৎকার গ্রহণ ও আলোচনা।
- বাস্তব যাচাই।
- কাজ সমীক্ষা।
- ঘটনা সমীক্ষা।
- তথ্য বিশ্লেষণ।
- পর্যবেক্ষণ, পরিদর্শন, তদন্ত, নথি ও রেকর্ডপত্র পর্যালোচনা, বিশ্লেষণ।
- Judgemental Sampling.

### অডিট সময়কাল ঃ

নৌ-পরিবহন মন্ত্রণালয় এর অধীন নৌপরিবহন অধিদপ্তরের ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের হিসাবের ওপর ০৯/০৯/২০২১ খ্রিষ্টাব্দ হতে ৩০/১১/২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত কমপ্লায়েন্স অডিট পরিচালনা করে রিপোর্ট প্রস্তুত করা হয়েছে।

# নির্বাহী সারসংক্ষেপ

নৌপরিবহন মন্ত্রণালয় এর অধীন নৌপরিবহন অধিদপ্তরের ২০১৯-২০২০ ও ২০২০-২০২১ অর্থবছরের বাজেট বরাদ্দের বিপরীতে সম্পাদিত কাজের রেকর্ডপত্র ও নমুনা সংগ্রহের মাধ্যমে পরিকল্পনা প্রণয়নপূর্বক অডিট করা হয়।

অডিট চলাকালে বেশ কিছু আর্থিক অনিয়ম ও বিধি-বিধানের লঙ্ঘন পরিলক্ষিত হয়েছে। মূলত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বলতা ও আর্থিক বিধিবিধান পরিপালন না করার কারণে এই অডিট অনুচ্ছেদসমূহ উত্থাপিত হয়েছে। অনিষ্পন্ন অডিট অনুচ্ছেদগুলোর মধ্য হতে গুরুতর আর্থিক অনিয়ম সংক্রান্ত অনুচ্ছেদসমূহ এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে।

এই রিপোর্টে ১০টি অডিট অনুচ্ছেদ উত্থাপন করা হয়েছে এবং জড়িত অর্থের পরিমাণ ১৭,৪০,০১,১৪৪ (সতের কোটি চল্লিশ লক্ষ এক হাজার একশত চুয়াল্লিশ) টাকা।

### এই রিপোর্টে অন্তর্ভুক্ত উল্লেখযোগ্য অনিয়মসমূহ নিম্নরূপঃ

- পিপিআর, ২০০৮ এর লঙ্ঘন।
- জিএফআর-১০ ও ১৭৯ এর লঙ্ঘন।
- RDPP তে সংস্থান বর্হিভূত খরচ।
- চুক্তিপত্রের শর্ত লঙ্ঘন।
- অর্থ মন্ত্রণালয়ের আদেশ লঙ্ঘন।

নিরীক্ষিত প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা শক্তিশালীকরণ, সরকারি অর্থ আদায় ও ব্যয় নির্বাহে প্রচলিত বিধিবিধান পরিপালন, একই ধরণের অনিয়মের পুনরাবৃত্তি না ঘটানো ও পূর্ববর্তী অডিটের সুপারিশসমূহ বাস্তবায়ন করার বিষয়ে কর্তৃপক্ষের মনোনিবেশ করার প্রয়োজনীয়তা এই অডিট রিপোর্টে প্রতিফলিত হয়েছে।

# অডিট অনুচ্ছেদের সারসংক্ষেপ

| ক্র. নং | শিরোনাম | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১. | Specification লঙ্ঘন করে স্টোন চিপ এর পরিবর্তে ইটের খোয়া ব্যবহার করে Retaining Wall তৈরী করে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি | ১,০১,০৭,৪৭০.০০ |
| ২. | Temporary Fencing এর কাজ না করা সত্ত্বেও বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি | ৩৯,১৭,৪৭২.০০ |
| ৩. | ডিজাইন অনুমোদন না করা সত্ত্বেও ত্রুটিপূর্ণ Retaining Wall এর কাজ করে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি | ৩,৯৯,৩৮,১৪৭.০০ |
| ৪. | ঠিকাদার কর্তৃক পরিশোধযোগ্য ব্যয় প্রকল্পের পণ্যের ভাড়া ও পরিবহন খাত হতে পরিশোধ করার ফলে সরকারের আর্থিক ক্ষতি | ৬৫,৩২,১৬২.০০ |
| ৫. | ব্যবহারের সুযোগ না থাকা সত্ত্বেও মালামাল ক্রয়পূর্বক ফেলে রাখায় সরকারের আর্থিক ক্ষতি | ২,৪৭,৪৬,৭৭০.০০ |
| ৬. | দুইটি ইংরেজি অর্ডিনেন্সকে বাংলায় অনুবাদ ও উন্নয়ন করে একটি আইনের খসড়া তৈরি করতে বিবিধ অনিয়মের মাধ্যমে ব্যয় | ৩,৩২,৯৮,০০০.০০ |
| ৭. | চুক্তি মোতাবেক মালামাল সরবরাহ না করা সত্ত্বেও বিল প্রদান করায় সরকারের আর্থিক ক্ষতি | ২৫,১৮,০০০.০০ |
| ৮. | নৌ-যান নির্মাণ খরচ কম দেখিয়ে সুপারভিশন ফি কম আদায় করায় সরকারের আর্থিক ক্ষতি | ১,৫৯,৯৪,৯৯৭.০০ |
| ৯. | DPP তে সংস্থানকৃত Retaining Wall এর Estimated Cost ঠিক রেখে Length কম দেখিয়ে ঠিকাদারের সাথে চুক্তি করার ফলে সরকারের আর্থিক ক্ষতি | ২,৩১,৮২,০৯০.০০ |
| ১০. | প্রকল্পের মাধ্যমে আমদানীকৃত বিএসসি'র ৬টি জাহাজ হতে রেজিস্ট্রেশন সুপারভিশন ফি কম আদায় করায় সরকারের আর্থিক ক্ষতি | ১,৩৭,৬৬,০৩৬.০০ |
| | **মোট =** | **১৭,৪০,০১,১৪৪.০০** |

**(কথায়: সতের কোটি চল্লিশ লক্ষ এক হাজার একশত চুয়াল্লিশ টাকা)**

# শব্দ সংক্ষেপ

| | | |
|---|---|---|
| BOQ | : | Bill of Quantity |
| CPTU | : | Central Procurement Technical Unit |
| DPP | : | Development Project Proposal |
| GCC | : | General Conditions of Contract |
| IT | : | Income Tax |
| LC | : | Letter of Credit |
| NOA | : | Notification of Award |
| PCC | : | Particular Conditions of Contract |
| PPR | : | Public Procurement Rules |
| RDPP | : | Revised Development Project Proforma/Proposal |
| SCC | : | Special Conditions of Contract |
| SRO | : | Statutory Regulatory Order |
| TEC | : | Tender Evaluation Committee |
| VAT | : | Value Added Tax |

# অধ্যায়-২

# অডিট অনুচ্ছেদসমূহের বিস্তারিত বিবরণ

অনুচ্ছেদ নম্বর-১

**শিরোনাম ঃ Specification লঙ্ঘন করে স্টোন চিপ এর পরিবর্তে ইটের খোয়া ব্যবহার করে Retaining Wall তৈরী করে বিল পরিশোধ করায় সরকারের ১,০১,০৭,৪৭০ (এক কোটি এক লক্ষ সাত হাজার চারশত সত্তর) টাকা ক্ষতি।**

**বিবরণ ঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাভুক্ত নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা এর অধীন জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্পের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে Specification লঙ্ঘন করে স্টোন চিপ এর পরিবর্তে ইটের খোয়া ব্যবহার করে Retaining Wall তৈরী করে বিল পরিশোধ করায় সরকারের ১,০১,০৭,৪৭০ টাকা ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে কার্যাদেশ নং-১৮.১৭.০০০০.২৭.০৭.০০৮.১৯/৫০; তারিখঃ ১৯/৩/২০২০ খ্রিষ্টাব্দ, বিল, চুক্তিপত্র এবং ২৬/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পর্যালোচনায় দেখা যায় যে, কার্যাদেশের চর কুকরি মুকরি অংশের BOQ ITEM NO-4 (R.C.C. WORKS IN FOUNDATION) & 5 (R.C.C. WORKS IN RETAINING WALL) কাজের বিপরীতে ঠিকাদারী প্রতিষ্ঠান Speedy Group কে বিল পরিশোধ করা হয়েছে। BOQ ITEM NO-4 & 5 এর শর্ত অনুযায়ী যথাক্রমে R.C.C Works In Foundation এবং R.C.C. Works In Retaining Wall এ Well Graded Stone Chips ব্যবহার করতে হবে মর্মে উল্লেখ রয়েছে। উক্ত কাজে Well Graded Stone Chip ব্যবহার না করে এর পরিবর্তে ইটের খোয়া ব্যবহার করা হয়েছে। এক্ষেত্রে BOQ ITEM NO-4 & 5 এর শর্ত লংঘন করে Retaining Wall এর কাজ করা সত্ত্বেও বিল পরিশোধ করায় সরকারের ১,০১,০৭,৪৭০ টাকা ক্ষতি হয়েছে। জিএফআর-১০ অনুযায়ী সরকারি অর্থ ব্যয়ের ক্ষেত্রে আর্থিক যথার্থতার মানদন্ড অনুসরণ না করায় আর্থিক ক্ষতি সাধিত হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট-১**]।

চুক্তি মোতাবেক Stone Chips ব্যবহার করা হয়েছে কিনা নিশ্চিত হওয়ার জন্য উক্ত কাজের Approved Design মালামালের Test Report, Engineer Approval সরবরাহ করার জন্য লিখিতভাবে চাওয়া হলেও তা সরবরাহ করতে পারেনি। Design, মালামালের Test Report, Engineer Approval না থাকাই প্রমাণ করে Retaining Wall এ Specification অনুযায়ী Stone Chip এর গুনগত মান যাচাই না করেই তা ব্যবহার করা হয়েছে। মূলত Specification স্টোন চিপ এর পরিবর্তে ইটের খোয়া ব্যবহার করে Retaining Wall তৈরী করে বিল পরিশোধ করায় সরকারের ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণঃ**

BOQ ITEM NO-4&5 এর শর্ত লঙ্ঘন ও জিএফআর-১০ পরিপালন না করা।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নৌপরিবহন অধিদপ্তর এবং IMED কর্তৃক অভিযোগটি আমলে নিয়ে Retaining Wall এর সংশোধনীর কাজ বিদ্যমান। ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান এবং গণপূর্ত কর্তৃক পরামর্শের ভিত্তিতে ঠিকাদার প্রতিষ্ঠান ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে নির্মাণ কাজ সম্পাদান করবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাবে আপত্তিটি স্বীকৃত হয়েছে। নতুন করে কাজ করার সুযোগ নেই। কেননা Retaining Wall এর ৩৯.৫৭% কাজ সম্পন্ন করা হয়েছে। এমন অবস্থায় Retaining Wall ভেঙ্গে নতুন করে Well Graded Stone Chip ব্যবহার করে Retaining Wall তৈরী করা অসম্ভব। পরিমাপ গ্রহণ করে বিল প্রদানকারী এজন্য দায়ী।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে পত্র নং-৮২.১৩.০০০০.৪১০.৩২.০০১.২১/৭২; তারিখঃ ০১/০২/২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে AIR এবং ১৩/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে প্রধান হিসাবদানকারী বরাবর তাগিদপত্র এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

অনিয়মের সাথে জড়িতদের দায়দায়িত্ব নির্ধারণ করে ঠিকাদারকে কালো তালিকাভুক্তকরণসহ আপত্তিকৃত টাকা আদায় আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর -২

**শিরোনামঃ Temporary Fencing এর কাজ না করা সত্ত্বেও বিল পরিশোধ করায় সরকারের ৩৯,১৭,৪৭২ (উনচল্লিশ লক্ষ সতের হাজার চারশত বাহাত্তর) টাকা ক্ষতি।**

**বিবরণঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাভুক্ত নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা এর অধীন জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্পের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে Temporary Fencing এর কাজ না করা সত্ত্বেও বিল পরিশোধ করায় সরকারের ৩৯,১৭,৪৭২ টাকা আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে সংশ্লিষ্ট প্রকল্পের কার্যাদেশ নং ১৮.১৭.০০০০.০২৭.০৭.০০৯.১৯/১৫৮৩; তারিখঃ ১২/১১/২০১৯ খ্রিষ্টাব্দ, বিল, চুক্তিপত্র, পরিদর্শন প্রতিবেদন এবং ২৬/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পর্যালোচনায় দেখা যায়, ঠিকাদারী প্রতিষ্ঠান M/S T.A. Enterprise এর সাথে Temporary Fencing Works in Dhaka C&C Center and CRS Sites of EGIMNS Project সংক্রান্ত কাজ করার জন্য চুক্তি করা হয় এবং কার্য সম্পাদন দেখিয়ে বিল পরিশোধ করা হয়। ০২/০৮/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী (১৪) এবং ২৬/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী (৩)-এ উল্লেখ করা হয়েছে (কার্যবিবরনী সংযুক্ত) উক্ত কাজ করা হয়নি। অর্থাৎ কাজ না করা সত্ত্বেও ঠিকাদারকে বিল পরিশোধ করা হয়েছে। চুক্তির GCC Clause 36.3 এ বলা হয়েছে The project Manager Shall check the contractor's monthly statement and certify the amount to be paid to the contractor. কিন্তু এক্ষেত্রে ঠিকাদার কাজ না করা সত্ত্বেও project Manager কর্তৃক বিল পরিশোধ করা হয়েছে।

কার্যচুক্তি পরিচালনা ও ব্যবস্থাপনা সম্পর্কিত পিপিআর, ২০০৮ এর বিধি ৩৯(১৩)(১৬) মোতাবেক প্রকল্প ব্যবস্থাপক সম্পন্ন হওয়া কাজের পরিমাণগত হিসাব করে পরিশোধযোগ্য অর্থ নিরূপণ করবেন এবং পরিমাণগত হিসাব করে পরিশোধযোগ্য নিরূপণ করা অর্থই হবে মূল্য পরিশোধের ভিত্তি। এছাড়াও জিএফআর-১০ অনুযায়ী অর্থ ব্যয়ের ক্ষেত্রে আর্থিক যথার্থতার মানদন্ড অনুসরণ করার নির্দেশনা রয়েছে। কিন্তু এক্ষেত্রে উক্ত নির্দেশনাসমূহ পরিপালন না করে Temporary Fencing এর কাজ না করা সত্ত্বেও বিল পরিশোধ করায় সরকারের ৩৯,১৭,৪৭২ টাকা ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-২]**।

পরিশোধিত বিল পর্যালোচনাকালে সম্পাদিত কাজের প্রত্যয়ন পত্রসহ সংশ্লিষ্ট ডকুমেন্ট পাওয়া যায়নি। সম্পাদিত কাজের প্রত্যয়ন পত্র চাওয়া হলে তা সরবরাহ করা হয়নি। চুক্তির শর্তানুয়ায়ী মালামালের Test Report, প্রকল্প এলাকায় গিয়ে পরিমাপ করার পরিমাপ বই (তারিখসহ স্বাক্ষর যুক্ত) এবং প্রকল্প এলাকায় যাওয়ার অফিস আদেশ (কার্যালয় কর্তৃক গৃহিত এবং দিন লিপিতে অন্তর্ভুক্ত) এবং যৌথ সার্ভে রিপোর্ট (কার্যালয় কর্তৃক গৃহিত এবং দিন লিপিতে অন্তর্ভুক্ত) চেয়ে কুয়েরী ইস্যু করা হলেও তা পাওয়া যায়নি। সম্পাদিত কাজের প্রত্যয়ন পত্র, মালামালের Test Report, প্রকল্প এলাকায় গিয়ে পরিমাপ করা পরিমাপ বই এবং যৌথ সার্ভে রিপোর্ট না থাকাই প্রমাণ করে Temporary Fencing এর কাজ যথাযথভাবে সম্পন্ন করা হয়নি। মূলত Temporary Fencing এর কাজ না করা সত্ত্বেও বিল পরিশোধ করা হয়েছে।

**অনিয়মের কারণঃ**

চুক্তির GCC Clause 36.3, পিপিআর, ২০০৮ এর বিধি ৩৯(১৩)(১৬) এবং জিএফআর-১০ এর লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

Temporary Fencing এর কাজ করার জন্য বারংবার তাগাদা দেয়া হলে দুর্গম উপকূলীয় অঞ্চলে মালামাল প্রেরণ এবং করোনা মহামারীর কারণে লকডাউন পরিস্থিতিতে ঠিকাদার সঠিক সময় কাজ সম্পাদন করতে পারে নাই বলে মৌখিকভাবে জানায়। পরবর্তীতে ঠিকাদারের উপস্থিতিতে ২৫/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে সভায় আলোচনা হলে অসম্পাদিত বেড়া প্রদানের জন্য ১ মাস সময় নির্ধারণ করা হয়। পরবর্তীতে ঠিকাদার কর্তৃক প্রেরিত পত্রের মাধ্যমে জানা যায়, বেড়া নির্মাণের জন্য সাইটসমূহ দুর্যোগ প্রবণ হওয়ায় অতিরিক্ত ৩ মাস সময় চেয়ে আবেদন করা হয়। বর্তমান শুষ্ক মৌসুমের সর্বোচ্চ ব্যবহার করে অতি দ্রুত টেম্পোরারি ফেন্সিং এর কাজ বুঝিয়ে নেয়ার ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। কাজ সম্পন্ন হওয়ার পর উপযুক্ত প্রমাণকসহ প্রেরণ করে আপত্তিটি নিষ্পত্তির জন্য অনুরোধ করা হবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব নিষ্পত্তিমূলক নয়। কারণ Temporary Fencing এর কাজ সম্পন্ন করা হয়নি। কিন্তু কাজ না করা সত্ত্বেও কেন বিল পরিশোধ করা হলো তার জবাব দেয়া হয়নি। এতে প্রতিষ্ঠানের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার দুর্বল চিত্র প্রকাশ পায়।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে পত্র নং-৮২.১৩.০০০০.৪১০.৩২.০০১.২১/৭২; তারিখঃ ০১/০২/২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে AIR এবং ১৩/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে প্রধান হিসাবদানকারী বরাবর তাগিদপত্র এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

দায়দায়িত্ব নির্ধারণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা ও এ ধরনের কর্মকান্ডের পুনরাবৃত্তি না করার জন্য যথাযথ কর্তৃপক্ষের ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর-৩

**শিরোনামঃ ডিজাইন অনুমোদন না করা সত্ত্বেও ত্রুটিপূর্ণ Retaining Wall এর কাজ করে বিল পরিশোধ করায় ৩,৯৯,৩৮,১৪৭ (তিন কোটি নিরানব্বই লক্ষ আটত্রিশ হাজার একশত সাতচল্লিশ) টাকা সরকারের আর্থিক ক্ষতি।**

**বিবরণ ঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাভুক্ত নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা এর অধীন জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্পের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে ডিজাইন অনুমোদন না করা সত্ত্বেও ত্রুটিপূর্ণ Retaining Wall এর কাজ করে বিল পরিশোধ করায় ৩,৯৯,৩৮,১৪৭ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে সংশ্লিষ্ট প্রকল্পের কার্যাদেশ নং ১৮.১৭.০০০০.২৭.০৭.০০৮.১৯/৫০; তারিখঃ ১৯/৩/২০২০ খ্রিষ্টাব্দ, বিল, চুক্তিপত্র, পরিদর্শন প্রতিবেদন, আইএমইডির পরিদর্শন প্রতিবেদন এবং ২৬/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পর্যালোচনা করা হয়। এতে দেখা যায় যে, ঠিকাদারী প্রতিষ্ঠান SPEEDY GROUP এর সাথে Construction of Retaining Wall (Lot-1 kutubdia, Dublar Chor, Kuakata, Chor Kukri Mukri) সংক্রান্ত কাজ করার জন্য চুক্তি সম্পাদন করা হয়।

বিগত ১৭/১০/২০২১ খ্রিষ্টাব্দ এবং ২৫/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে নৌপরিবহন অধিদপ্তর এর পরিদর্শক দল প্রকল্প এলাকা পরিদর্শন করে প্রতিবেদন দাখিল করেন। ২৫/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখের পরিদর্শন প্রতিবেদনে বলা হয় উক্ত কাজের কোন Design প্রস্তুত করা হয়নি। ঠিকাদার কর্তৃক মনগড়া Design দিয়ে কাজ করা হয়েছে। রি-ডিজাইনের কাজ পুনরায় করা হবে এবং তা গণপূর্ত বিভাগ হতে অনুমোদিত হলে পুনরায় কাজ শুরু করা হবে। এ অনিয়মের বিষয়টি ২৬/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণীতে ও উল্লেখ করা হয়েছে।

জিএফআর-১৭৯ মোতাবেক পূর্ত কাজে নকশা/ডিজাইন থাকতে হবে। কিন্তু এক্ষেত্রে তা লঙ্ঘন করে Design Approve না করা সত্ত্বেও ত্রুটিপূর্ণ Retaining Wall এর কাজ করে বিল পরিশোধ করায় ৩,৯৯,৩৮,১৪৭ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৩]**।

পরিশোধিত বিল পর্যালোচনাকালে উক্ত কাজের Approved Design, Test Report পাওয়া যায়নি। উক্ত তথ্য চেয়ে কুয়েরী ইস্যু হলেও তা সরবরাহ করতে পারেনি। প্রকল্প পরিচালক স্বাক্ষরিত (তারিখ বিহীন) পরিমাপ বই সরবরাহ করা হলেও এ পরিমাপ কাজের সাইটে গিয়ে করা হয়নি। কাজের সাইটে গিয়ে পরিমাপ না করা, Approved Design না থাকা, মালামালের Test Report না থাকাই প্রমাণ করে Retaining Wall এর কাজ যথাযথভাবে সম্পন্ন না করেই কাজ করার প্রত্যয়ন দিয়ে বিল পরিশোধ করা হয়েছে। মূলতঃ Design Approve না করা সত্ত্বেও ত্রুটিপূর্ণ Retaining Wall এর কাজ করে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে। রি-ডিজাইনের কাজ পুনরায় করা হলে এবং তা গণপূর্ত বিভাগ হতে অনুমোদন নিয়ে পুনরায় কাজ শুরু করা হলে Design বর্হিভূত করা কাজ বাতিল করতে হবে। ফলে উক্ত কাজের বিপরীতে প্রদত্ত বিল ক্ষতি হিসেবে চিহ্নিত।

**অনিয়মের কারণঃ**

জিএফআর-১৭৯ এর নির্দেশনা পরিপালন না করা।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

Design সমূহ প্রকল্প পরিচালক কর্তৃক ১৫/১০/২০১৯ খিস্টাব্দ তারিখে অনুমোদিত । Retaining Wall সমূহের সংশোধন প্রয়োজন হওয়ায় ইঞ্জিনিয়ারিং প্রতিষ্ঠান এবং গণপূর্ত অধিদপ্তর কর্তৃক সংশোধনীর কার্যক্রম প্রক্রিয়াধীন। ইঞ্জিনিয়ারিং পরার্মশকসমূহ ঠিকাদার প্রতিষ্ঠান ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বাস্তবায়ন করবে।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব তথ্য ভিত্তিক এবং পূর্ণাঙ্গ নয়। অডিট মেমোতে দেখানো হয়েছে যে, Approved Design ব্যতীত উক্ত কাজ করা হয়েছে, বর্তমানে কাজ বন্ধ রাখা হয়েছে, নতুন করে Design করার কাজ চলছে। নিরীক্ষাকালে Approved Design সরবরাহ করা হয় নাই। নতুন Design এ কাজ করা হলে Approved Design ব্যতীত কাজের বিপরীতে পরিশোধিত অর্থ সরকারের আর্থিক ক্ষতি হিসেবে চিহ্নিত হবে।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে পত্র নং-৮২.১৩.০০০০.৪১০.৩২.০০১.২১/৭২ তারিখঃ ০১/০২/২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে AIR এবং ১৩/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে প্রধান হিসাবদানকারী বরাবর তাগিদপত্র এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর-৪

**শিরোনামঃ ঠিকাদার কর্তৃক পরিশোধযোগ্য ব্যয় প্রকল্পের পণ্যের ভাড়া ও পরিবহন খাত হতে পরিশোধ করার ফলে সরকারের ৬৫,৩২,১৬২ (পয়ষট্টি লক্ষ বত্রিশ হাজার একশত বাষট্টি) টাকা ক্ষতি।**

**বিবরণ ঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাভুক্ত নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা এর অধীন জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্পের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে ঠিকাদার কর্তৃক পরিশোধযোগ্য ব্যয় প্রকল্পের পণ্যের ভাড়া ও পরিবহন খাত হতে পরিশোধ করার ফলে সরকারের ৬৫,৩২,১৬২ টাকা ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে বিল-ভাউচার পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের কাজ বাস্তবায়ন এবং মালামাল সরবরাহের জন্য LG Samhee Consortium এর সাথে চুক্তি করা হয়। চুক্তিপত্রের জিসিসি এর ক্লজ ২২.১ অনুযায়ী LG Samhee Consortium মালামাল পরিবহন করবে। কিন্তু নথি পত্র হতে দেখা যায় যে, M/s Flora & Brothers Pvt Ltd এর সহিত চুক্তি না থাকা সত্ত্বেও মালামাল পরিবহন খরচ বাবদ M/s Flora & Brothers Pvt Ltd কে প্রকল্পের খাত (৩২২১১০৬) হতে বিল পরিশোধ করা হয়। M/s Flora & Brothers Pvt Ltd এর সহিত চুক্তি না থাকার বিষয়টি প্রমাণ করেন পণ্য পরিবহন ছাড়াই বিল পরিশোধ করা হয়েছে। কারণ পণ্যের ভাড়া ও পরিবহন ব্যয় LG Samhee Consortium কর্তৃক পরিশোধযোগ্য। জিএফআর-১০ অনুযায়ী সরকারি তহবিল হতে অর্থ ব্যয়ে কিংবা ব্যয়ের অনুমতি প্রদানে ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক কর্মকর্তা উচ্চ আর্থিক যথার্থতার মানদন্ড দ্বারা পরিচালিত হবে। এক্ষেত্রে উক্ত বিধি পরিপালন না করায় ৬৫,৩২,১৬২ টাকা ক্ষতি হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট-৪**]।

**অনিয়মের কারণঃ**

জিএফআর-১০ এর লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

**কন্ট্রাক্ট এগ্রিমেন্ট এর SCC clause 14.2 ও GCC Clause 22.6(b) নিম্নরূপঃ**

As per SCC clause 14.2–"purchaser will bear all taxes, duties & levies imposed on related services" As per GCC Clause 22.6 (b)–"At the request of the purchaser, the supplier will make available a representative or agent during the process of customs clearance in the purchaser's country for goods supplied from outside the purchaser's country." যেহেতু GCC clause 22.6 (b) LG CNS এর সাথে Contract of Agreement এর অংশ সেহেতু শুধুমাত্র Custom Clearance related এর আওতাধীন পণ্য পরিবহনের জন্য কোন নতুন Contract of Agreement এর প্রয়োজন নেই। CD Vat ব্যতীত Custom Clearance এর জন্য আনুষঙ্গিক খরচ (যেমন-Import Permit, goods clearance এর জন্য shed পর্যন্ত local transport সহ অন্যান্য খরচ ইত্যাদি) যেহেতু প্রকল্প হতে বহন করতে হবে-তাই উল্লেখিত খরচ DPP তৈরির সময় Transportation এর অর্থনৈতিক কোডে বরাদ্দ রাখা হয়েছে। নতুন Contract of Addendum-এ বিষয়টি স্পষ্টীকরণ করার বিষয়ে প্রয়োজনীয় সংশোধন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। M/s Flora & Brothers Pvt Ltd এর সাথে মালামাল পরিবহন করার কোন চুক্তি হয়নি। জবাবে যে SCC clause 14.2 ও GCC Clause 22.6(b) অনুযায়ী মালামাল পরিবহনপূর্বক প্রকল্প খাত হতে ব্যয় করা হবে বিষয়টি প্রতিষ্ঠিত হয়নি। জবাবে "নতুন Contract of Addendum-এ বিষয়টি স্পষ্টীকরণ করার বিষয়ে প্রয়োজনীয় সংশোধন কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে" মর্মে প্রদত্ত জবাব গ্রহণযোগ্য নয়, কেননা সংশোধন হওয়ার পূর্বেই এ অর্থ ব্যয় করা হয়েছে। তাছাড়া সংশোধন করা হলেও তা গ্রহণযোগ্য হবে না কারণ উক্ত ব্যয় প্রাক্কলন এবং চুক্তিভুক্ত ছিল বিধায় চুক্তিতে পণ্য পরিবহনের খরচ প্রকল্প খাত হতে আলাদা ভাবে পরিশোধের ব্যবস্থা রাখা হয়নি।

এস. আর-২৩১(২) মোতাবেক বিলের দাবিকৃত টাকার চেক বা টাকা LG Samhee Consortium কে পরিশোধ করতে হবে কিন্তু এক্ষেত্রে পার্টিকে চেক ইস্যু না করে করা হয়েছে M/s Flora & Brothers Pvt Ltd এর বিপরীতে যা দ্বারা প্রমাণিত হয় জবাব ভিত্তিহীন। মূলত প্রকল্পখাত হতে M/s Flora & Brothers Pvt Ltd বিপরীতে প্রাপ্যতা বহির্ভুত পরিবহন ব্যয় দেখিয়ে অর্থ উত্তোলন করা হয়েছে।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে পত্র নং-৮২.১৩.০০০০.৪১০.৩২.০০১.২১/৭২ তারিখঃ ০১/০২/২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে AIR এবং ১৩/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে প্রধান হিসাবদানকারী বরাবর তাগিদপত্র এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর-৫

**শিরোনামঃ ব্যবহারের সুযোগ না থাকা সত্ত্বেও মালামাল ক্রয়পূর্বক ফেলে রাখায় সরকারের ২,৪৭,৪৬,৭৭০ (দুই কোটি সাত চল্লিশ লক্ষ ছেচল্লিশ হাজার সাতশত সত্তর) টাকা ক্ষতি।**

**বিবরণ ঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাভুক্ত নৌপরিবহন অধিদপ্তর ঢাকা এর অধীন জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্পের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে ব্যবহারের সুযোগ না থাকা সত্ত্বেও মালামাল ক্রয়পূর্বক ফেলে রাখায় সরকারের ২,৪৭,৪৬,৭৭০ টাকা ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে সংশ্লিষ্ট প্রকল্পের কার্যাদেশ নং-১৮.১৭.০০০০.২৭.০৭.০০৯.১৯/১৫৮৩; তারিখঃ ১২/১১/২০১৯ খ্রিষ্টাব্দ, বিল, চুক্তিপত্র, চালান, স্টক রেজিস্টার, স্টক রেজিস্টার সার্ভে রিপোর্ট পর্যালোচনায় দেখা যায় যে, Suppling And Installation of Security System Including CCTV Archway, Access Control etc. মালামাল এর বিপরীতে ১,৭৫,১৫,৬০০ টাকার বিল পরিশোধ করা হয়। ক্রয়কৃত মালামালসমূহ ২৩/৭/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে গ্রহণ করে ব্যবহার না করে স্টোরে ফেলে রাখা হয়। উক্ত মালামালসমূহের Warranty period সম্পর্কিত কোন তথ্য পাওয়া যায়নি [**বিস্তারিত পরিশিষ্ট-৫**]।

এখানে আরও উল্লেখ্য, প্রকল্পের DPP এ Coast Radio Station এর জন্য সকল মালামালের সংস্থান রাখা হয়। ২০২০-২০২১ অর্থবছর পর্যন্ত Coast Radio Station এর Physical Progress মাত্র ১.৯%। এর ফলে সম্পূর্ণ কাজ শেষ হতে দীর্ঘ সময়ের প্রয়োজন হবে। উক্ত সময়ের মধ্যে ক্রয়কৃত মালামাল এর Defective Liabilities period শেষ হয়ে যাবে। উপরন্ত ক্রয়কৃত মালামাল যুগোপযোগীতা হারাবে। ইতোমধ্যে এক বছরেরও বেশি Defective Liabilities period শেষ হয়েছে। তাছাড়া প্রতিনিয়ত এ সকল CCTV Archway, Access Control এর আপডেট Version Develop হয়। জিএফআর-১০ অনুযায়ী সরকারি তহবিল হতে অর্থ ব্যয়ে কিংবা ব্যয়ের অনুমতি প্রদানে ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক কর্মকর্তা উচ্চ আর্থিক যথার্থতার মানদন্ড দ্বারা পরিচালিত হবে। এক্ষেত্রে উক্ত বিধি পরিপালন না করায় ২,৪৭,৪৬,৭৭০ টাকা ক্ষতি হয়েছে।

**অনিয়মের কারণঃ**

জিএফআর-১০ এর লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

কর্তৃপক্ষের সিদ্ধান্ত অনুযায়ী ক্রয় কার্য সম্পাদন করা হয়েছে। চুক্তির অঙ্গিকার এর বিপরীতে কাজের অগ্রগতি এতটা কম হবে তা কখনই অনুমান করা সম্ভব হয়নি। উক্ত কাজে বেশিরভাগ যন্ত্রপাতি ঠিকাদার কর্তৃক সরবরাহ করা হয়েছে এবং কাজের চলমান নির্মাণ অগ্রগতি নির্ধারিত লক্ষমাত্রার বিপরীতে কম হওয়া অনভিপ্রেত। জবাবে আরও বলা হয়েছে প্রকল্পের সকল সাইটের ইন্টারনেট সংযোগসহ সিসিটিভি ও আনুষঙ্গিক যন্ত্রপাতি স্থাপনের কার্যক্রম চলমান থাকায় ঠিকাদার থেকে তার জিম্মায় রাখা অবশিষ্ট মালামাল অতিসত্তর প্রকল্প অফিসে সরবরাহ করার জন্য নির্দেশ প্রদান করা হবে [**বিস্তারিত পরিশিষ্ট-৫(৩)**]।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাব স্বীকৃতিমূলক। C & C Center ও Costal Radio Station নির্মাণের ভৌত অগ্রগতি ৩৮.৪৬% সম্পর্কিত জবাব গ্রহণযোগ্য নয়, কেননা প্রকল্প পরিচালক স্বাক্ষরিত Monthly Progress Report: June, 2021 ( IMED-05/2021) (Sl. No-57) মোতাবেক C & C Center ও Costal Radio Station এর ভৌত অগ্রগতি অডিট মেমোতে উল্লিখিত ১.৯%। জবাবে আপত্তিটি স্বীকৃত হয়েছে। চালান হতে দেখা যায় সম্পূর্ণ মালামাল গ্রহণ করা হয়েছে এবং সে মোতাবেক বিল পরিশোধ করা হয়েছে। মালামাল ক্রয় করে ঠিকাদারের নিকট রাখতে হয়েছে এমন জবাব গ্রহণযোগ্য নয়।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে পত্র নং-৮২.১৩.০০০০.৪১০.৩২.০০১.২১/৭২; তারিখঃ ০১/০২/২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে AIR এবং ১৩/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে প্রধান হিসাবদানকারী বরাবর তাগিদপত্র এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর-৬

**শিরোনামঃ দুইটি ইংরেজি অর্ডিনেন্সকে বাংলায় অনুবাদ ও উন্নয়ন করে একটি আইনের খসড়া তৈরি করতে বিবিধ অনিয়মের মাধ্যমে ৩,৩২,৯৮,০০০ (তিন কোটি বত্রিশ লক্ষ আটানব্বই হাজার) টাকা ব্যয়।**

**বিবরণ ঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাভুক্ত নৌপরিবহন অধিদপ্তর ঢাকা এর অধীন ডেভেলপমেন্ট অব মেরিটাইম লেজিসলেশন (প্রকল্প) কার্যালয়ে ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে দুইটি ইংরেজি অর্ডিনেন্সকে বাংলায় অনুবাদ ও উন্নয়ন করে একটি আইনের খসড়া তৈরি করতে বিবিধ অনিয়মের মাধ্যমে ৩,৩২,৯৮,০০০ টাকা অনিয়মিত ব্যয় হয়েছে।

নিরীক্ষাকালে সংশ্লিষ্ট প্রকল্পের DPP, PCR (Project Completion Report) দুইটি ইংরেজী অর্ডিনেন্সের বাংলায় অনুবাদ এবং উন্নয়ন, Consultant এর সাথে সম্পাদিত চুক্তিপত্র এবং সংশ্লিষ্ট Stakeholder এর মতামত পর্যালোচনায় দেখা যায় যে, Marinecare Consultants Bangladesh LTD কে অভিজ্ঞতার প্রমাণক না থাকা সত্ত্বেও Consultant হিসেবে নিয়োগ করা হয়েছে। Tender Documents -23.14 এ উল্লেখ রয়েছে "At least 10 years experience in drafting maritime legislation specially for the developing nation" ফলে Tender Documents এর উক্ত শর্ত পরিপালন না করে Consultant নিয়োগের বিষয়টি প্রমাণ করে দুইটি ইংরেজী অর্ডিনেন্সকে বাংলায় অনুবাদ ও উন্নয়ন করে একটি আইনের খসড়া তৈরীর নামে ৩,৩২,৯৮,০০০ টাকা অযথা ব্যয় করা হয়েছে।

এখানে আরোও উল্লেখ্য যে, Consultancies এর জন্য তৈরীকৃত ২,৮৬,০০,০০০ টাকার Cost Estimate তৈরীর কোন ভিত্তি নাই। বাজার দর যাচাই না করেই Cost Estimate তৈরী করা হয়েছে। DPP তে International Legal Drafting Expert এর সংস্থান রাখা হলেও Consultancies এর চুক্তিতে তা রাখা হয়নি। এছাড়াও সংশ্লিষ্ট Stakeholder এর মতামত পর্যালোচনায় দেখা যায়, ইংরেজী হতে বাংলায় অনুবাদ এবং উন্নয়ন করা অর্ডিনেন্স এর বিষয়ে অসন্তুষ্ট এবং এ বিষয়ে বিরুপ মন্তব্য করে তা সংশোধনের জন্য অসংখ্য প্রস্তাব উপস্থাপন করা হয়েছে।

**অনিয়মের কারণঃ**

Tender Documents -23.14 এর নির্দেশনা লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

উন্মুক্ত বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত প্রস্তাবসমূহ কমিটির মাধ্যমে পর্যালোচনা করে Marinecare Consultants Bangladesh-কে নিয়োগ দেয়া হয়েছিল। উল্লেখ্য যে প্রথমবার উন্মুক্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হলে উন্মুক্ত প্রস্তাব না পাওয়ায় পুনরায় দ্বিতীয়বার উন্মুক্ত বিজ্ঞপ্তি প্রকাশ করা হয় এবং কমিটির মাধ্যমে ব্যক্তি ভিত্তিক যোগ্যতা যাচাই করে কমিটির সুপারিশের ভিত্তিতে এই নিয়োগ প্রদান করা হয়েছে। সুতরাং Consultant এবং সংশ্লিষ্টদের যথাযথ অভিজ্ঞতা ছিল বলে মনে হয়। নথি যাচাই করে দেখা যায় Tender Documents এর প্রতি পাতায় স্বাক্ষর রয়েছে। প্রকল্প প্রস্তাব ২০১৬ সালে অনুমোদন হয়েছে। Consultancies এর Cost Estimate সেই সময়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের মাধ্যমে তৈরী করা হয়েছে। এই কাজে অভিজ্ঞতা সম্পন্ন ব্যাক্তিদের বিভিন্ন দায়িত্ব পালনকালে প্রাপ্ত বেতন/সম্মানী বিবেচনা করে Cost Estimate করা হয়েছে বলে ধারণা করা যাচ্ছে। এই Cost Estimate যথাযথ প্রতীয়মান হওয়ায় অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রকল্পটি অনুমোদন করা হয়েছে। বিধায় আপত্তিটি প্রত্যাহার করা যেতে পারে। উন্মুক্ত প্রস্তাব আহ্বানে International Legal Drafting Expert এর সংস্থান রাখা হয়েছিল এবং চুক্তিতে Request for Proposal (RFP) কে চুক্তির আওতাভুক্ত করা হয়েছে অর্থাৎ Consultancies এর চুক্তিতে DPP অনুসারে International Legal Drafting Expert এবং সে অনুসারে চুক্তির পর জনবল তালিকায় উক্ত পদে যোগ্যতা সম্পন্ন ব্যক্তির নাম অন্তর্ভুক্ত রয়েছে। উন্মুক্ত প্রস্তাব আহ্বান International Legal Drafting Expert এর সংস্থান রাখা হয়েছিল এবং চুক্তিতে Request for Proposal (RFP) কে চুক্তির আওতাভুক্ত করা হয়েছে অর্থাৎ Consultancies এর চুক্তিতে DPP অনুসারে International Legal Drafting Expert এবং সে অনুসারে চুক্তির পর জনবল তালিকায় উক্ত পদে যোগ্যতা সম্পন্ন ব্যক্তির নাম অন্তর্ভুক্ত রয়েছে। Consultant দাখিলকৃত Report

আরও উন্নয়নের জন্যই Stakeholder-দের মতামত গ্রহণ করা হয়েছে এবং এটাই স্বাভাবিক প্রক্রিয়া। Stakeholder-গণ তাদের মত করে তাদের মতামত প্রদান করবেন। Stakeholder-দের মতামত প্রদান অর্থই Consultant- এর ড্রাফটিং নিম্নমানের দর। Stakeholder-দের সকল মতামতই গৃহীত হয়নি এবং তাদের মতামত প্রদানের ফলে Report-টির উন্নয়ন হয়েছে। বিষয়টির উপর সেমিনার আয়োজনসহ বিভিন্ন কার্যক্রম Consulting ফার্ম এর সহায়তায় করা হয়েছে। অধিদপ্তরের জনবল স্বল্প থাকায় তাদের সহায়তা গ্রহণ করা হয়েছে মাত্র। প্রতিষ্ঠানটি বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে এই সকল কার্য সম্পদন করে ওই সকল কাজের বিল তাদের মাধ্যমে প্রেরণ করেছে মাত্র এবং সে অনুসারে বিল পরিশোধ করা হয়েছে। কোন পর্যায় হতে Stakeholder-দের মতামত পর্যালোচনা করা হয়েছে তা আপত্তিতে স্পষ্ট করা হয়নি। কোন আইন সংশোধন করা হলে সংগত কারণেই বিভিন্ন ব্যক্তি/প্রতিষ্ঠান হতে তাদের স্বার্থ সংশ্লিষ্ট প্রস্তাব উপস্থাপিত হওয়ার অর্থই এটা নয় যে Consultant রিপোর্ট সঠিক হয়নি। সুতরাং আপত্তিটি প্রত্যাহারযোগ্য।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। অডিট মেমোতে উত্থাপিত Marinecare Consultants Bangladesh LTD এর এ কাজে অভিজ্ঞতা না থাকার বিষয়ে কোন জবাব বা প্রমাণক সরবরাহ করা হয়নি। Tender Documents ITC-23.14 মোতাবেক Consultant এর অভিজ্ঞতা থাকার তথ্য বা জবাব নেই। Tender Documents এর পাতায় পাতায় স্বাক্ষর থাকার বিষয়ে জবাব প্রদান করা হলেও তা সঠিক নয়। DPP তে International Legal Drafting Expert এর সংস্থান রাখা হলেও কেন Consultancies এর চুক্তিতে তা রাখা হয়নি তার জবাব দেয়া হয়নি। Consultancies এর জন্য তৈরীকৃত Cost Estimate তৈরীর ভিত্তির বিষয়ে জবাব প্রদান করা হয়নি। নিম্ন মানের আইনের খসড়ার বিষয়ে জবাব পাওয়া যায়নি। যেখানে পরিবহন অডিট অধিদপ্তর অডিট ম্যানুয়াল তৈরী করছে বিনামূল্যে, গণপূর্ত মন্ত্রণালয় তাদের Book of Specification and Code of Practice নিজস্ব লোকবল দিয়ে বিনা খরচে সংশোধন ও উন্নয়ন করছে সেখানে দুইটি ইংরেজি অর্ডিনেন্সকে বাংলায় অনুবাদ এবং উন্নয়ন করে একটি আইনের খসড়া তৈরী করতে বিপুল পরিমাণ অর্থ ব্যয় করা সরকারি অর্থের যথেচ্ছা ব্যয়ের সামিল।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে পত্র নং-৮২.১৩.০০০০.৪১০.৩২.০০১.২১/৭২; তারিখঃ ০১/০২/২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে AIR এবং ১৩/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে প্রধান হিসাবদানকারী বরাবর তাগিদপত্র এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর-৭

**শিরোনামঃ চুক্তি মোতাবেক মালামাল সরবরাহ না করা সত্ত্বেও বিল প্রদান করায় ২৫,১৮,০০০ (পঁচিশ লক্ষ আঠারো হাজার) টাকা ক্ষতি।**

**বিবরণ ঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাভুক্ত নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা এর অধীন জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্পের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে চুক্তি মোতাবেক মালামাল সরবরাহ না করা সত্ত্বেও বিল প্রদান করায় ২৫,১৮,০০০ টাকা ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে DPP, কার্যাদেশ নং ১৮.১৭.০০০০.২৭.০৭.০০৯.১৯/১৫৮৩; তারিখঃ ১২/১১/২০১৯ খ্রিষ্টাব্দ, Variation Order No. ১৮.১৭.০০০০.২৭.০৭.০০৯.১৯/১২৮; তারিখঃ ২০/০৭/২০২১ খ্রিষ্টাব্দ ও বিল পর্যালোচনায় দেখা যায় যে, DPP বর্হিভূত মালামাল Variation Order No-১৮.১৭.০০০০.২৭.০৭.০০৯.১৯/১২৮; তারিখঃ ২০/০৭/২০২১ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে ২৫,১৮,০০০ টাকার মালামাল ক্রয় এবং ২৩/০৭/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে সকল মালামাল গ্রহণ দেখিয়ে বিল প্রদান করা হয়। কিন্তু পত্র নং-১৮.১৭.০০০০.২৭.০৭.০০৯.১৯/৩১৫(ক); তারিখঃ ৩১/১০/২০২১ খ্রিষ্টাব্দ তারিখের Security System Equipment Item List মোতাবেক পরিশিষ্টে উল্লিখিত মালামাল সরবরাহ না করা সত্ত্বেও বিল পরিশোধ করা হয়েছে। জিএফআর-১০ অনুযায়ী সরকারি তহবিল হতে অর্থ ব্যয়ে কিংবা ব্যয়ের অনুমতি প্রদানে ক্ষমতাপ্রাপ্ত প্রত্যেক কর্মকর্তা উচ্চ আর্থিক যথার্থতার মানদন্ড দ্বারা পরিচালিত হবে। ফলে উক্ত বিধি পরিপালন না করায় সরকারের ২৫,১৮,০০০ টাকা আর্থিক ক্ষতি হয়েছে [**বিস্তারিত পরিশিষ্ট-৬**]।

**অনিয়মের কারণঃ**

জিএফআর-১০ এর লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

বিভিন্ন যৌক্তিক কারণে ২৮.০৫.২০১৯ তারিখের PSC সভায় ঢাকা কমান্ড এন্ড কন্ট্রোল সেন্টার ভবনটি মুল চুক্তির আওতায় ৮ম তলা হতে ১১ তলায় উন্নীত করার সিদ্ধান্ত গৃহীত হয়, অর্থাৎ অতিরিক্ত তিন তলা নির্মাণের কাজ বৃদ্ধি পায়, যার ফলশ্রুতিতে উক্ত অতিরিক্ত তিনতলা CCTV Archway, Access Control etc. এর কাভারেজের আওতাভুক্তির জন্য CCTV, Archway, Access Control এর কাজ এর পরিধি বৃদ্ধি পায়। প্রকল্পের RDPP-1 এ CCTV Archway, Access Control etc. কাজের জন্য বরাদ্দ ছিল ৮৪.৪৯ লক্ষ টাকা এবং RDPP-2 এ CCTV Archway, Access Control etc খাতে বৃদ্ধিপ্রাপ্ত কাজ বাবদ বরাদ্দ ২৫.২০ লক্ষ টাকা বৃদ্ধি করে মোট ১০৯.৬৯ লক্ষ টাকা করা হয়। ডিপিপিতে উক্ত অনুমোদিত অর্থের বিপরীতে ভেরিয়েশন অর্ডার করা হয়। উক্ত বৃদ্ধিপ্রাপ্ত কার্যের জন্য প্রয়োজনীয় আইটেমসমূহ পরিমাণগত বৃদ্ধির ব্যাপারে ঠিকাদারকে জানিয়ে ০৯/০৭/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে পত্রের মাধ্যমে আগ্রহের ব্যাপারে লিখিতভাবে জানাতে বলা হয়। এর প্রতি উত্তরে ১৩/০৭/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে ঠিকাদার উক্ত ভেরিয়েশন কাজ করতে সম্মতি জানায়। উক্ত পত্রসমূহ বিলের সাথে (বিল নং-৫) (যা অডিট কার্যক্রম চলমান সময়ে সরবরাহ করা হয়েছিল) সংযুক্ত থাকলেও কোন কারণে গোচরীভূত হয়নি। উল্লেখ্য যে, ২০২০-২০২১ অর্থবছরের মাসিক অগ্রগতি প্রতিবেদন অনুসারে ঢাকা কমান্ড ও কন্ট্রোল সেন্টার সহ Coastal Radio Station নির্মাণের বাস্তব অগ্রগতি ৩৮.৪৬% [**বিস্তারিত পরিশিষ্ট-৬(১)**]।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। DPP এ সংস্থানের বর্হিভূত মালামাল ক্রয় করার কোন সুযোগ নেই। জবাবে "১৩/০৭/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে ঠিকাদার উক্ত ভেরিয়েশন কাজ করতে সম্মতি জানায়" বক্তব্যটি মনগড়া কেননা যেখানে কাজই শুরু হয়নি সেখানে কাজ করতে গিয়ে বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে পরিকল্পনা, ডিজাইন এবং বিন্যাসের পরিবর্তনজনিত কারণে Variation চাওয়া সম্ভব নয়। তাছাড়া আবেদন পত্রটি অফিস কর্তৃক গৃহীত এবং দিন লিপিতে অর্ন্তভুক্ত নয়। এমন মনগড়া জবাব গ্রহণযোগ্য নয়। মালামালগুলো যে পাওয়া যায়নি তা প্রমাণক দ্বারা প্রতিষ্ঠিত।

C & C Center ও Coastal Radio Station নির্মাণের ভৌত অগ্রগতি ৩৮.৪৬% সম্পর্কিত জবাব গ্রহণযোগ্য নয়, কেননা প্রকল্প পরিচালক স্বাক্ষরিত Monthly Progress Report: June, 2021 (IMED-05/2021) (Sl. No.-57) মোতাবেক C & C Center ও Coastal Radio Station এর ভৌত অগ্রগতি অডিট মেমোতে উল্লিখিত ১.৯%। সম্পুর্ণ উদ্দেশ্য প্রণোদিতভাবে বিধি লঙ্ঘন করে এ সকল মালামাল ক্রয় করা হয়েছে।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে পত্র নং-৮২.১৩.০০০০.৪১০.৩২.০০১.২১/৭২; তারিখঃ ০১/০২/২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে AIR এবং ১৩/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে প্রধান হিসাবদানকারী বরাবর তাগিদপত্র এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর-৮

**শিরোনাম ঃ নৌ-যান নির্মাণ খরচ কম দেখিয়ে সুপারভিশন ফি কম আদায় করায় ১,৫৯,৯৪,৯৯৭ (এক কোটি ঊনষাট লক্ষ চুরানব্বই হাজার নয়শত সাতানব্বই) টাকা ক্ষতি।**

**বিবরণ ঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাভুক্ত নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা এর অধীন প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম কার্যালয়ে ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে নৌ-যান নির্মাণ খরচ কম দেখিয়ে সুপারভিশন ফি কম আদায় করায় **১,৫৯,৯৪,৯৯৭** টাকা ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে সংশ্লিষ্ট কার্যালয়ে আয় সংক্রান্ত তথ্য, নৌ-যান নির্মাণ সুপারভিশন ফি সংক্রান্ত নথি এবং সরকারি কোষাগারে জমা করা ভ্যাট/আয়কর সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায় যে, নৌ-যান নির্মাণ খরচ যথাযথভাবে প্রদর্শন করা হয়নি। ফলে নৌ-যান নির্মাণ সুপারভিশন ফি কম আদায় করা হয়েছে। প্রকৃত নির্মাণ খরচ পাওয়া যায় নৌ-যান নির্মাণ বাবদ মূসক নির্ধারণের তথ্য হতে। মূসক নির্ধারণের তথ্য হতে যে নির্মাণ খরচ পাওয়া গেছে, সুপারভিশন ফি নির্ধারণের ক্ষেত্রে নির্মাণ খরচ দেখানো হয়েছে তার চেয়ে কম।

অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পত্র নং-০৭.০০.০০০০.১৪৪.০৫২.২০১৩ (অংশ)/০৩ তারিখঃ ২৮.০১.২০১৫ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত সমুদ্র পরিবহন অধিদপ্তরের স্মারক নং-হিসাব-৩/নন-ট্যাক্স (পার্ট-১১)/১৪-১৫/৬০৯৭; তারিখঃ ২৩/০৮/২০১৫ খ্রিষ্টাব্দ এর **১৬৯** মোতাবেক নৌ-যান নির্মাণ সুপারভিশনের উপর নির্দিষ্ট হারে ফি নির্ধারণ করা হয়েছে। কিন্তু এক্ষেত্রে সুপারভিশন ফি আদায়ের ক্ষেত্রে প্রকৃত নির্মাণ খরচের তথ্য গোপন করে সুপারভিশন ফি কম আদায় করায় সরকারের **১,৫৯,৯৪,৯৯৭** টাকা আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৭]**।

**অনিয়মের কারণঃ**

অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পত্র নং-০৭.০০.০০০০.১৪৪.০৫২.২০১৩(অংশ)/০৩ তারিখঃ ২৮.০১.২০১৫ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত সমুদ্র পরিবহন অধিদপ্তরের স্মারক নং হিসাব-৩/নন-ট্যাক্স (পার্ট-১১)/১৪-১৫/৬০৯৭; তারিখঃ ২৩/০৮/২০১৫ খ্রিষ্টাব্দ এর **১৬৯** এর লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

রেকর্ড পত্র যাচাই করে দেখা যায় যে, নৌ-যান মালিকসমূহ নৌ-যান নির্মাণ শেষে প্লেট, ইঞ্জিন, নেভিগেশনাল যন্ত্রাংশ ও আনুষঙ্গিক অন্যান্য মালামাল আমদানীকালে সমস্ত ক্রয় মুল্যের উপর ভ্যাট বা কাস্টম শুল্ক প্রদান করে থাকেন। তবে নৌ বাণিজ্য দপ্তরে, রেজিস্ট্রেশন সময়ে নতুন কন্সট্রাকশন সুপারভিশন ফি শুধুমাত্র নৌযান নির্মাণ ব্যয়ের উপর প্রদান করে থাকেন। এ ক্ষেত্রে নৌযানের প্লেট, ইঞ্জিন, নেভিগেশনাল যন্ত্রাংশ ও আনুষঙ্গিক যন্ত্রাংশ ব্যয় বিবেচিত হয় না। সে প্রেক্ষিতে নৌযানের মালিকের দাখিলকৃত বিল্ডার্স সার্টিফিকেট ও ডিক্লিয়ারেসন অনুযায়ী অত্র দপ্তর নতুন কন্সট্রাকশনসহ সুপারভিশন ফি আদায় করে থাকেন।

**নিরীক্ষা মন্তব্যঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির জন্য সহায়ক নয়। নির্মাণ খরচের মনগড়া ব্যাখ্যা গ্রহণযোগ্য নয়। কেননা মূসক নির্ধারণের তথ্য হতে যে "নির্মাণ খরচ" পাওয়া গেছে তাই প্রকৃত নির্মাণ খরচ। এক্ষেত্রে দ্বিমত করার কোন সুযোগ নেই। জবাব তথ্য ভিত্তিক নয়। সমূদ্র পরিবহন অধিদপ্তরের স্মারক নং-হিসাব-৩/নন-ট্যাক্স(পার্ট-১১)/১৪-১৫/৬০৯৭; তারিখঃ ২৩/০৮/২০১৫ খ্রিষ্টাব্দ এর **১৬৯** মোতাবেক "নির্মাণ খরচ" এর উপর নির্ধারিত হারে ফি আদায় করতে হবে।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে পত্র নং-৮২.১৩.০০০০.৪১০.৩২.০০১.২১/৭২; তারিখঃ ০১/০২/২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে AIR এবং ১৩/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে প্রধান হিসাবদানকারী বরাবর তাগিদপত্র এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশঃ**

সুপারভিশন ফি কম আদায় করার সাথে জড়িত ব্যক্তির নিকট হতে আপত্তিকৃত টাকা আদায় করা আবশ্যক।

অনুচ্ছেদ নম্বর-৯

**শিরোনাম ঃ DPP তে সংস্থানকৃত Retaining Wall এর Estimated Cost ঠিক রেখে Length কম দেখিয়ে ঠিকাদারের সাথে চুক্তি করার ফলে সরকারের ২,৩১,৮২,০৯০ (দুই কোটি একত্রিশ লক্ষ বিরাশি হাজার নব্বই) টাকা ক্ষতি।**

**বিবরণ ঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাভুক্ত নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা এর অধীন জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্পের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে DPP তে সংস্থানকৃত Retaining Wall এর Estimated Cost ঠিক রেখে Length কম দেখিয়ে ঠিকাদারের সাথে চুক্তি করার ফলে সরকারের ২,৩১,৮২,০৯০ টাকা ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে সংশ্লিষ্ট প্রকল্পের কার্যাদেশ নং ১৮.১৭.০০০০.২৭.০৭.০০৮.১৯/৫০; তারিখঃ ১৯/৩/২০২০ খ্রিষ্টাব্দ , DPP, চুক্তিপত্র, কার্যাদেশ এবং সংশ্লিষ্ট নথি পর্যালোচনায় দেখা যায় যে, Construction of Retaining Wall (Lot-1 Kutubdia, Dublar Chor, Kuakata, Chor Kukri Mukri) কাজে ১২৮৫ মিটার Retaining Wall তৈরী করার জন্য DPP তে ১০,৪০,৬০,১৮৫ টাকার সংস্থান (Estimated Cost) রাখা হয়। কিন্তু Estimated Cost অনুযায়ী ঠিকাদারের সাথে ১০,৪০,৬০,১৮৫ টাকা চুক্তি করা হলেও Length ১২৮৫ মিটার এর পরিবর্তে দেখানো হয় ১০৪৫ মিটার। ফলে ২৪০ মিটার Retaining Wall এর কাজ কম দেখিয়ে ঠিকাদারের সাথে চুক্তি করে কার্য সম্পাদন করা হয়। ফলে ২৪০ মিটার Retaining wall এর প্রতি মিটার ৯৬,৫৯২.০৪ হিসেবে (২৪০×৯৬,৫৯২.০৪)= ২,৩১,৮২,০৯০ টাকা সরকারের আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৮]**।

**অনিয়মের কারণঃ**

DPP তে সংস্থানকৃত Appendix-28 (Retaining Wall) এর লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

ডিপিপিতে রিটেইনিং ওয়ালের জন্য লট-১ (কুতুবদিয়া, দুবলার চর, কুকরি মুকরি, কুয়াকাটা) কাজে ১২৮৫ মিটার রিটেইনিং ওয়াল তৈরি করার জন্য ১০,৪০,৬০,১৮৫ টাকা সংস্থান রাখা হয়। চলমান বাজার দরের উপরে শুধু ডিপিপি-২ তে বরাদ্দের প্রয়োজনে আনুমানিক কস্ট ধরা হয়েছিল। টেন্ডার করার প্রাক্কালে এলজিইডি এর বই ২০১৮ অনুসারে ১০,৪০,৬০,১৮৫ টাকায় ১১৭৭ মিটারের বেশি টেন্ডার করা যায়না। ১২৮৫ মিটারের টেন্ডার করলে তাহা ডিপিপি তে বরাদ্দের চেয়ে বেশি হয়ে যায়। এলজিইডি রেট-২০১৮ পর্যালোচনা করে এবং প্রকল্পের বরাদ্দের কথা বিবেচনা করে ১২৮৫ মিটারের পরিবর্তে ১১৭৭ মিটার (কুকরি মুকরি-৫১৫, দুবলার চর-৩০০, কুয়াকাটা-১৮০, কুতুবদিয়া-১৮২ মিটার)। অডিট আপত্তিতে ১০৪৫ মিটার উল্লেখ থাকলেও প্রকৃতপক্ষে হিসেব করলে (১২৮৫-১১৭৭) = ১০৮ মিটার কম হয়।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাবে আপত্তিটি স্বীকৃত হয়েছে। জবাবে "অডিট আপত্তিতে ১০৪৫ মিটার উল্লেখ থাকলেও প্রকৃতপক্ষে হিসেব করলে (১২৮৫-১১৭৭) = ১০৮ মিটার কম" সম্পর্কিত জবাব তথ্য ভিত্তিক নয়। অডিট মেমোতে উল্লিখিত ঠিকাদারের সাথে চুক্তি করার সময় ১০,৪০,৬০,১৮৫ টাকা Estimated Cost রাখা হলেও Length কম দেখানো হয় ২৪০ মিটার যা প্রমাণক দ্বারা প্রতিষ্ঠিত এবং সংশ্লিষ্ট Tender Documents নৌপরিবহন অধিদপ্তরের পরিচালক কর্তৃক সত্যায়িত। জবাবে এলজিইডি রেট-২০১৮ পর্যালোচনা করে Tender করার কথা বলা হয়েছে যা আপত্তির বিষয়ের সাথে সম্পর্কিত নয়। আপত্তির বিষয় হলো DPP তে সংস্থানকৃত Retaining Wall এর Estimated Cost ঠিক রেখে Length কম দেখিয়ে ঠিকাদারের সাথে চুক্তি করা সম্পর্কিত।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে পত্র নং-৮২.১৩.০০০০.৪১০.৩২.০০১.২১/৭২; তারিখঃ ০১/০২/২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে AIR এবং ১৩/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে প্রধান হিসাবদানকারী বরাবর তাগিদপত্র এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

### অনুচ্ছেদ নম্বর-১০

**শিরোনামঃ প্রকল্পের মাধ্যমে আমদানীকৃত বিএসসি'র ৬টি জাহাজ হতে রেজিস্ট্রেশন সুপারভিশন ফি কম আদায় করায় সরকারের ১,৩৭,৬৬,০৩৬ (এক কোটি সাঁইত্রিশ লক্ষ ছিষট্টি হাজার ছত্রিশ) টাকা আর্থিক ক্ষতি।**

**বিবরণ ঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাভুক্ত নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা এর অধীন প্রিন্সিপাল অফিসার, নৌ বাণিজ্য দপ্তর, আগ্রাবাদ, চট্টগ্রাম কার্যালয়ের ২০১৯-২০২০ এবং ২০২০-২০২১ অর্থবছরে প্রকল্পের মাধ্যমে আমদানীকৃত বিএসসি'র ৬ টি জাহাজ হতে রেজিস্ট্রেশন সুপারভিশন ফি কম আদায় করায় ১,৩৭,৬৬,০৩৬ টাকা ক্ষতি হয়েছে।

নিরীক্ষাকালে সংশ্লিষ্ট কার্যালয়ের আয় সংক্রান্ত তথ্য, নৌ-যান নির্মাণ সুপারভিশন ফি সংক্রান্ত নথি এবং সরকারি কোষাগারে জমা করা ভ্যাট/আয়কর সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকল্পের মাধ্যমে আমদানীকৃত বাংলাদেশ শিপিং কর্পোরেশন (বিএসসি)'র ৬টি জাহাজ হতে রেজিস্ট্রেশন সুপারভিশন ফি বাবদ ১২,৩৯,২৬৪ টাকা আদায় করা হয়েছে।

অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পত্র নং-০৭.০০.০০০০.১৪৪.০৫২.২০১৩ (অংশ)/০৩; তারিখঃ ২৮/০১/২০১৫ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত সমুদ্র পরিবহন অধিদপ্তরের স্মারক নং হিসাব-৩/নন-ট্যাক্স (পার্ট-১১)/১৪-১৫/৬০৯৭; তারিখঃ ২৩/০৮/২০১৫ খ্রিষ্টাব্দ এর ১৬৯ মোতাবেক আমদানীকৃত জাহাজের উপর ০.১% হারে রেজিস্ট্রেশন সুপারভিশন ফি নির্ধারণ করা হয়েছে। উক্ত নির্ধারিত হার অনুযায়ী প্রকল্পের মাধ্যমে আমদানীকৃত বিএসসি'র ৬টি জাহাজ হতে রেজিস্ট্রেশন সুপারভিশন ফি বাবদ ১,৫০,০৫,৩০০ টাকা আদায়যোগ্য। কিন্তু এক্ষেত্রে উক্ত নির্দেশনা পরিপালন না করে রেজিস্ট্রেশন সুপারভিশন ফি বাবদ ১২,৩৯,২৬৪ টাকা আদায় করা হয়েছে। ফলে রেজিস্ট্রেশন ফি বাবদ (১,৫০,০৫,৩০০-১২,৩৯,২৬৪) = ১,৩৭,৬৬,০৩৬ টাকা কম আদায় করায় সরকারের আর্থিক ক্ষতি হয়েছে **[বিস্তারিত পরিশিষ্ট-৯]**।

**অনিয়মের কারণঃ**

অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পত্র নং-০৭.০০.০০০০.১৪৪.০৫২.২০১৩ (অংশ)/০৩ তারিখঃ ২৮.০১.২০১৫ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত সমুদ্র পরিবহন অধিদপ্তরের স্মারক নং হিসাব-৩/নন-ট্যাক্স (পার্ট-১১)/১৪-১৫/৬০৯৭; তারিখঃ ২৩/০৮/২০১৫ খ্রিষ্টাব্দ এর লঙ্ঘন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

নৌপরিবহন মন্ত্রণালয়ের ১৪/০১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখের পত্রের প্রেক্ষিতে ও নৌপরিবহন অধিদপ্তরের ২৮/০১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখের পত্রের নির্দেশনা মোতাবেক বাংলাদেশের রাষ্টীয় সংস্থা (বি এস সি) এর মালিকানাধীন নতুন ৬টি জাহাজের রেজিস্ট্রেশন সুপারভিশন চুক্তি ক্রয়মূল্যের পরিবর্তে গ্রস টন ৮/- হারে আদায় করা হয়েছে।

**নিরীক্ষা মন্তব্য ঃ**

জবাব আপত্তি নিষ্পত্তির সহায়ক নয়। অর্থ মন্ত্রণালয়ের সম্মতি পত্র নং-০৭.০০.০০০০.১৪৪.০৫২.২০১৩ (অংশ)/০৩ তারিখঃ ২৮/০১/২০১৫ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে জারিকৃত সমুদ্র পরিবহন অধিদপ্তরের স্মারক নং হিসাব-৩/নন-ট্যাক্স (পার্ট-১১)/১৪-১৫/৬০৯৭; তারিখঃ ২৩/০৮/২০১৫ খ্রিষ্টাব্দ এর ১৬৯ মোতাবেক আমদানীকৃত জাহাজের রেজিস্ট্রেশন সুপারভিশন ফি ধার্য করতে হবে।

এ অনিয়মের বিষয় উল্লেখ করে পত্র নং-৮২.১৩.০০০০.৪১০.৩২.০০১.২১/৭২ তারিখঃ ০১/০২/২০২২ খ্রিষ্টাব্দ এর মাধ্যমে AIR এবং ১৩/০৩/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে প্রধান হিসাবদানকারী বরাবর তাগিদপত্র এবং ১০/০৪/২০২২ খ্রিষ্টাব্দ তারিখে আধাসরকারি পত্র প্রেরণ করা হলেও অদ্যাবধি কোন জবাব পাওয়া যায়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ**

জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং আপত্তিকৃত অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

তারিখ: ________ বঙ্গাব্দ
২৬/০৫/২০২৩ খ্রিষ্টাব্দ।

মহাপরিচালক
পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা

মোঃ রফিকুল বারী খান
মহাপরিচালক
পরিবহন অডিট অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা।

# দ্বিতীয় অংশ

# পরিশিষ্টসমূহ

**Specification লঙ্ঘন করে স্টোন চিপ এর পরিবর্তে ইটের খোয়া ব্যবহার করে Retaining Wall তৈরী করে বিল পরিশোধ করায় সরকারের ক্ষতির বিবরণী:**

<table>
<tr><th>ক্র. নং</th><th>কার্যাদেশ নং</th><th>চুক্তি মূল্য (টাকা)।</th><th>চর কুকরি মুকরি অংশের BOQ ITEM NO</th><th>পরিশোধিত বিল (টাকা)।</th><th>Specification অনুযায়ী Well Graded Stone Chip ব্যবহার না করা সত্ত্বেও বিল পরিশোধ (টাকা)।</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td rowspan="2">১৮.১৭.০০০০.২৭.০৭.০০৮.১৯/৫০; তারিখঃ ১৯/৩/২০২০ খ্রিষ্টাব্দ</td><td>৫৯,০১,১৬৩</td><td>4.( R.C.C WORKS IN FOUNDATION )</td><td>৯৭,৮৪,৯০০</td><td>৯৭,৮৪,৯০০</td><td rowspan="3">কাজে Well Graded Stone Chip ব্যবহার না করে এর পরিবর্তে ইটের খোয়া ব্যবহার করা হয়েছে।</td></tr>
<tr><td>২</td><td>১,৮১,২০,১৮৫</td><td>5.( R.C.C WORKS IN RETAINING WALL)</td><td>৩,২২,৫৭০</td><td>৩,২২,৫৭০</td></tr>
<tr><td colspan="5">মোট =</td><td>১,০১,০৭,৪৭০</td></tr>
</table>

এখানে উল্লেখ্য যে, জনাব ক্যাপ্টেন জসিমউদ্দিন সরকার (১৫/৪/২০১৮ খ্রিষ্টাব্দ হতে ৩০/১০/২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত) নিরীক্ষাধীন সময়ে জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্প পরিচালকের দায়িত্বে ছিলেন।

অনুচ্ছেদ নম্বর-২

**পরিশিষ্ট-২**

**Temporary Fencing এর কাজ না করা সত্ত্বেও বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:**

| ক্র. নং | কার্যাদেশ নং | চুক্তি মূল্য (টাকা) | পরিশোধিত বিল (টাকা) | পরিশোধযোগ্য বিল (টাকা) | কাজ না করা সত্ত্বেও বিল প্রদান করায় ক্ষতি (টাকা)। |
|---|---|---|---|---|---|
| ১ | ১৮.১৭.০০০০.০২৭.০৭.০০৯.১৯/১৫৮৩; তারিখঃ ১২/১১/২০১৯ খ্রিষ্টাব্দ | ৩৯,১৭,৪৭২ | ৩৯,১৭,৪৭২ | ০ | ৩৯,১৭,৪৭২ |
| | | | | মোট = | ৩৯,১৭,৪৭২ |

এখানে উল্লেখ্য যে, জনাব ক্যাপ্টেন জসিমউদ্দিন সরকার (১৫/৪/২০১৮ খ্রিষ্টাব্দ হতে ৩০/১০/২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত) নিরীক্ষাধীন সময়ে জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্প পরিচালকের দায়িত্বে ছিলেন।

অনুচ্ছেদ নম্বর-৩

**পরিশিষ্ট-৩**

**ডিজাইন অনুমোদন না করা সত্ত্বেও ত্রুটিপূর্ণ Retaining Wall এর কাজ করে বিল পরিশোধ করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:**

| ক্র. নং | কার্যাদেশ নং | চুক্তি মূল্য (টাকা) | পরিশোধিত বিল (টাকা) | ডিজাইন অনুমোদন না করা সত্ত্বেও ত্রুটিপূর্ণ Retaining Wall এর কাজ করে বিল পরিশোধ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | ১৮.১৭.০০০০.২৭.০৭.০০৮.১৯/৫০; তারিখঃ ১৯/৩/২০২০ খ্রিষ্টাব্দ | ১০,০৯,৩৮,৬৮৬ | ৩,৯৯,৩৮,১৪৭ | ৩,৯৯,৩৮,১৪৭ |
| | | | **মোট =** | **৩,৯৯,৩৮,১৪৭** |

এখানে উল্লেখ্য যে, জনাব ক্যাপ্টেন জসিমউদ্দিন সরকার (১৫/৪/২০১৮ খ্রিষ্টাব্দ হতে ৩০/১০/২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত) নিরীক্ষাধীন সময়ে জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্প পরিচালকের দায়িত্বে ছিলেন।

**ঠিকাদার কর্তৃক পরিশোধযোগ্য ব্যয় প্রকল্পের পণ্যের ভাড়া ও পরিবহন খাত হতে পরিশোধ করার ফলে সরকারের ক্ষতির বিবরণী:**

| ক্র. নং | ব্যয় খাত | চুক্তি মূল্য | বিল নং | পরিশোধিত বিল (টাকা) | পরিশোধ করা প্রতিষ্ঠানের নাম |
|---|---|---|---|---|---|
| ১ | পরিবহন ব্যয় (৩২২১১০৬) | করা হয়নি | ১১০/২০২০-২১ | ১২,০৩,৪৬৯ | M/s Flora & Brothers Pvt Ltd |
| | পরিবহন ব্যয় (৩২২১১০৬) | করা হয়নি | ০৮/২০২০-২১ | ১,১৮,০০০ | M/s Flora & Brothers Pvt Ltd |
| ২ | পরিবহন ব্যয় (৩২২১১০৬) | করা হয়নি | ৬৭/২০২০-২১ | ১২,৯২,৩৬৭ | M/s Flora & Brothers Pvt Ltd |
| ৩ | পরিবহন ব্যয় (৩২২১১০৬) | করা হয়নি | ৮৪/২০১৯-২০ | ৩০,৩৩,৯৮৮ | M/s Flora & Brothers Pvt Ltd |
| | পরিবহন ব্যয় (৩২২১১০৬) | করা হয়নি | ১৪৬/২০১৯-২০ | ২,৩৬,০০০ | M/s Flora & Brothers Pvt Ltd |
| | পরিবহন ব্যয় (৩২২১১০৬) | করা হয়নি | ০১/২০১৯-২০ | ৬,৪৮,৩৩৮ | M/s Flora & Brothers Pvt Ltd |
| | | | **মোট =** | **৬৫,৩২,১৬২** | |

এখানে উল্লেখ্য যে, জনাব ক্যাপ্টেন জসিমউদ্দিন সরকার (১৫/৪/২০১৮ খ্রিষ্টাব্দ হতে ৩০/১০/২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত) নিরীক্ষাধীন সময়ে জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্প পরিচালকের দায়িত্বে ছিলেন।

**পরিশিষ্ট-৫**

**ব্যবহারের সুযোগ না থাকা সত্ত্বেও মালামাল ক্রয়পূর্বক ফেলে রাখায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী।**

| ক্রমিক নং | পরিশিষ্ট নং | টাকার পরিমাণ |
|---|---|---|
| ১ | পরিশিষ্ট-৫(১) | ১,৭৫,১৫,৬০০ |
| ২ | পরিশিষ্ট-৫(২) | ৭২,৩১,১৭০ |
| | **মোট =** | **২,৪৭,৪৬,৭৭০** |

**বাজেট শেষ করার উদ্দেশ্যে এবং উদ্দেশ্য প্রণোদিতভাবে CCTV Archway, Access Control, etc ক্রয় করে স্টোরে ফেলে রাখায় সরকারের ক্ষতির বিবরণী:**

| ক্র. নং | কার্যাদেশ নং | বিল নং | পরিশোধিত বিল (টাকা) | মালামাল গ্রহণের তারিখ |
|---|---|---|---|---|
| ১ | ১৮.১৭.০০০০.২৭.০৭.০০৯.১৯/১৫৮৩; তারিখঃ ১২/১১/২০১৯ খ্রিষ্টাব্দ এবং Variation Order No. ১৮.১৭.০০০০.২৭.০৭.০০৯.১৯/১২৮; তারিখঃ ২০/০৭/২০২১ খ্রিষ্টাব্দ | ৫ | ২৫,১৮,০০০ | ২৩/৭/২০২০ খ্রিষ্টাব্দ |
| ২ | | ৮৫ | ৮৮,১১,৫০০ | ১২/১২/২০১৯ খ্রিষ্টাব্দ |
| ৩ | | ১৩৬ | ৬১,৮৬,১০০ | ২৩/৭/২০২০ খ্রিষ্টাব্দ |
| | | **মোট =** | **১৭,৫১,৫,৬০০** | |

এখানে উল্লেখ্য যে, জনাব ক্যাপ্টেন জসিমউদ্দিন সরকার (১৫/০৪/২০১৮ খ্রিষ্টাব্দ হতে ৩০/১০/২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত) নিরীক্ষাধীন সময়ে জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্প পরিচালকের দায়িত্বে ছিলেন।

**সরবরাহ না করা সত্ত্বেও মালামাল সরবরাহ দেখিয়ে CCTV Archway, Access Control etc. এর বিল প্রদান করায় সরকারের টাকা ক্ষতির বিবরণী:**

| ক্র. নং | সরবরাহ না করা সত্ত্বেও বিল পরিশোধ করা | | QUANTITY OF REQUIRED | UNIT PRICE (টাকা) | সরবরাহ না করা সত্ত্বেও বিল পরিশোধ করায় ক্ষতি (টাকা) |
|---|---|---|---|---|---|
| | BOQ ITEM NO. | BOQ ITEM NAME | | | |
| ১ | 41 | HDD | ২৮ | ১২,০০০ | ৩,৩৬,০০০ |
| ২ | 42 | LED monitor | ৬ | ১০,০০০ | ৬০,০০০ |
| ৩ | 25/2 | 64 chanel NVR | ৯ | ২,২০,০০০ | ১৯,৮০,০০০ |
| ৪ | 43 | Power Cable | ৬১৭ মিটার | ১০ | ৬,১৭০ |
| ৫ | 44 | Online UPS | ৪ | ১,২০,০০০ | ৪,৮০,০০০ |
| ৬ | 47 | TJ Box | ৮ | ৩০০ | ২,৪০০ |
| ৭ | 57/11 | IPS | ২ | ৭০,০০০ | ১,৪০,০০০ |
| ৮ | 26 | Networking cable | ৫৬০০০ মিটার | ৪০ | ২২,৪০,০০০ |
| ৯ | 33 | PVC pipe | ৭০০০ মিটার | ১০ | ৭০,০০০ |
| ১০ | 34 | House pole Supply | ৩২ | ১,০০০ | ৩২,০০০ |
| ১১ | 19 | Rack cabinet 42U | ১ | ১,৫৩,০০০ | ১,৫৩,০০০ |
| ১২ | 18 | Rack cabinet 32U | ৭ | ১,০৮,০০০ | ৭,৫৬,০০০ |
| ১৩ | 31 | Adapter | ৩৮ | ১,২০০ | ৪৫,৬০০ |
| ১৪ | 23 | Power Adapter | ৫ | ২,০০০ | ১০,০০০ |
| ১৫ | 37 | XT desktop IP 06 Port POE distributor | ২০ | ৪০,০০০ | ৮,০০,০০০ |
| ১৬ | 1 | CCTV Camera | ২০ | ৬,০০০ | ১,২০,০০০ |
| | | | | **মোট =** | **৭২,৩১,১৭০** |

অনুচ্ছেদ নম্বর-৫

পরিশিষ্ট-৫(৩)

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাব ঃ**

LG SAMHEE Consortium তাদের চুক্তি Work Plan অনুযায়ী ৩০ শে জুন, ২০১৯ তারিখের মধ্যে চুক্তিবদ্ধ সকল নির্মাণ ও আইসিটি কাজ সমাপ্ত করার চুক্তিবদ্ধ ছিল। এরপর তাদের কাজের অগ্রগতি সন্তোষমূলক না হওয়ায় প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে প্রকল্পের মেয়াদ ৩০ শে জুন, ২০২১ পর্যন্ত ২ বছর বর্ধিত করা হয় । নৌপরিবহন মন্ত্রণালয় হতে জারীকৃত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রশাসনিক অনুমোদনের শর্ত (ক) অনুযায়ী "জুন ২০২১ এর মধ্যে প্রকল্পটির যাবতীয় কাজ সম্পূর্ণ করার জন্য প্রকল্প কর্তৃপক্ষকে কার্যকারী উদ্যোগ গ্রহণ করতে হবে" এবং (খ) "প্রকল্পের আওতায় যন্ত্রপাতি ক্রয়ের টেন্ডার প্রক্রিয়া আগামী ৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে এবং অনুমোদিত বর্ধিত সময়ের মধ্যে কারিগরি বিনির্দেশ অনুযায়ী গুণগতমান বজায় রেখে যাবতীয় যন্ত্রপাতি সংগ্রহ করতে হবে।" এছাড়াও ১৪/০৯/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে PIC সভার সিদ্ধান্ত অনুযায়ী "প্রকল্পের নানাবিধ প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়, স্থানীয় প্রশিক্ষণ ইত্যাদির মাধ্যমে প্রকল্পের Progress Ratio বাড়ানোর জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে" এবং ২২/১১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে PSC সভার সিদ্ধান্ত অনুযায়ী "প্রকল্পের আওতায় বিভিন্ন প্যাকেজের টেন্ডারসমূহ দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে, শুষ্ক মৌসুমকে কাজে লাগিয়ে প্রকল্পের ভৌত অগ্রগতি সাধন করতে হবে" । উক্ত নির্দেশনা এবং ঠিকাদারি প্রতিষ্ঠান LG SAMHEE Consortium এর Work plan অনুযায়ী Annual Procurement Plan করা হয়েছিল এবং এ কারণেই CCTV Archway, Access Control etc. এর মালামাল ক্রয়ের জন্য টেন্ডার আহবান করা হয়েছিল। চুক্তির অঙ্গিকার এর বিপরীতে LG SAMHEE Consortium এর কাজের অগ্রগতি এতটা কম হবে তা কখনই অনুমান করা সম্ভব হয়নি। LG SAMHEE Consortium কে কাজের গতি তরান্বিত করার জন্য অনেকবার তাগাদা দেয়া হয়েছে এবং এর মধ্যে আবারও তাগাদা দেয়া হচ্ছে। LG SAMHEE Consortium নির্ধারিত সময়ের মধ্যে কাজ শেষ করতে পারেনি বিধায় সম্পুর্ণভাবে CCTV Archway, Access Control etc. কাজের Installation করা সম্ভব হয়নি। তবে বর্তমানে প্রকল্পের সকল সাইটে CCTV ক্যামেরা ও আনুষঙ্গিক যন্ত্রপাতি স্থাপন এর প্রক্রিয়া চলমান রয়েছে। ইতোমধ্যে ঢাকা C & C Center এ CCTV ক্যামেরা ও আনুষঙ্গিক যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে এবং বাকী সকল সাইটে ইন্টারনেট সংযোগসহ CCTV ক্যামেরা ও আনুষঙ্গিক যন্ত্রপাতি স্থাপনের নিমিত্তে কার্যক্রম চলমান রয়েছে। উল্লেখ্য, ঢাকা C & C Center ও Costal Radio Station নির্মাণের ভৌত অগ্রগতি ৩৮.৪৬%|

**পরিশিষ্ট-৬**

**চুক্তি মোতাবেক মালামাল সরবরাহ না করা সত্ত্বেও বিল প্রদান করায় সরকারের ক্ষতির বিবরণী:**

| ক্র. নং | কার্যাদেশ নং | চুক্তি মূল্য (টাকা) | পরিশোধিত বিল (টাকা) | মালামাল গ্রহণ দেখানোর তারিখ | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | Variation Order No. ১৮.১৭.০০০০.২৭.০৭.০০৯.১৯/১২৮; তারিখঃ ২০/০৭/২০২১ খ্রিষ্টাব্দ | ২৫,১৮,০০০ | ২৫,১৮,০০০ | ২৩/৭/২০২০ খ্রিষ্টাব্দ | Variation করে DPP বর্হিভূত CCTV Archway, Access Control etc ক্রয় দেখিয়ে এবং মালামাল সরবরাহ না করা সত্ত্বেও বিল প্রদান। |
| | | **মোট =** | **২৫,১৮,০০০** | | |

এখানে উল্লেখ্য যে, জনাব ক্যাপ্টেন জসিমউদ্দিন সরকার (১৫/৪/২০১৮ খ্রিষ্টাব্দ হতে ৩০/১০/২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত) নিরীক্ষাধীন সময়ে জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্প পরিচালকের দায়িত্বে ছিলেন।

**নিরীক্ষিত প্রতিষ্ঠানের জবাবঃ**

LG SAMHEE Consortium তাদের Work plan অনুযায়ী ৩০ শে জুন, ২০১৯ তারিখের মধ্যে চুক্তিবদ্ধ সকল নির্মাণ ও আইসিটি কাজ সমাপ্ত করার চুক্তিবদ্ধ ছিল। এরপর তাদের কাজের অগ্রগতি সন্তোষমূলক না হওয়ায় প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে প্রকল্পের মেয়াদ ৩০ শে জুন, ২০২১ পর্যন্ত ২ বছর বর্ধিত করা হয়। নৌপরিবহন মন্ত্রণালয় হতে জারীকৃত প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রশাসনিক অনুমোদনের শর্ত (ক) অনুযায়ী "জুন ২০২১ এর মধ্যে প্রকল্পটির যাবতীয় কাজ সম্পূর্ণ করার জন্য প্রকল্প কর্তৃপক্ষকে কার্যকারী উদ্যোগ গ্রহণ করতে হবে" এবং (খ) "প্রকল্পের আওতায় যন্ত্রপাতি ক্রয়ের টেন্ডার প্রক্রিয়া আগামী ৬ মাসের মধ্যে সম্পন্ন করতে হবে এবং অনুমোদিত বর্ধিত সময়ের মধ্যে কারিগরি বিনির্দেশ অনুযায়ী গুণগতমান বজায় রেখে যাবতীয় যন্ত্রপাতি সংগ্রহ করতে হবে।" এছাড়াও ১৪/০৯/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে PIC সভার সিদ্ধান্ত অনুযায়ী "প্রকল্পের নানাবিধ প্রয়োজনীয় জিনিসপত্র ক্রয়, স্থানীয় প্রশিক্ষণ ইত্যাদির মাধ্যমে প্রকল্পের Progress Ratio বাড়ানোর জন্য কার্যক্রম গ্রহণ করতে হবে" (কপি সংযুক্ত)। এবং ২২/১১/২০২০ খ্রিষ্টাব্দ তারিখে PSC সভার সিদ্ধান্ত অনুযায়ী "প্রকল্পের আওতায় বিভিন্ন প্যাকেজের টেন্ডারসমূহ দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে, শুষ্ক মৌসুমকে কাজে লাগিয়ে প্রকল্পের ভৌত অগ্রগতি সাধন করতে হবে"। উক্ত নির্দেশনা এবং ঠিকাদারি প্রতিষ্ঠান LG SAMHEE Consortium এর Work plan অনুযায়ী Annual Procurement Plan করা হয়েছিল এবং এ কারনেই CCTV Archway, Access Control, etc. এর মালামাল ক্রয়ের জন্য টেন্ডার আহবান করা হয়েছিল। চুক্তির অঙ্গিকার এর বিপরীতে LG SAMHEE Consortium এর কাজের অগ্রগতি এতটা কম হবে তা কখনই অনুমান করা সম্ভব হয়নি। উক্ত কাজে বেশির ভাগ যন্ত্রপাতি ঠিকাদার কর্তৃক সরবরাহ করা হয়েছে এবং LG-Samhee-র কাজের চলমান নির্মাণ অগ্রগতি নির্ধারিত লক্ষমাত্রার বিপরীতে কম হওয়ায় অনভিপ্রেত এই Delay এর জন্য মালামাল Installation জন্য ঢাকা কমান্ড ও কন্ট্রোল সেন্টারসহ কোস্টাল রেডিও স্টেশন ভবন সমূহ পুরোপুরি প্রস্তুত না হওয়ায় এবং প্রকল্প অফিসের স্টোর রুমে সকল আইটেম রাখার স্থান সংকুলান না হওয়ার কিছু মালামাল ঠিকাদারের লিখিত পত্রের মাধ্যমে তার জিম্মায় রাখা হয় । উক্ত মালামালসমূহ প্রকল্পের সকল সাইটের ইন্টারনেট সংযোগ সহ CCTV ও আনুষঙ্গিক যন্ত্রপাতি স্থাপনের কার্যক্রম চলমান বিধায় ঠিকাদার থেকে তার জিম্মায় রাখা অবশিষ্ট মালামাল অতিসত্ত্বর প্রকল্প অফিসে সরবরাহ করার জন্য নির্দেশ প্রদান করা হবে।

**নৌ-যান নির্মাণ খরচ কম দেখিয়ে সুপারভিশন ফি কম আদায় করায় সরকারের আর্থিক ক্ষতির বিবরণী:**

| ক্র. নং | নৌ -যানের নাম | নির্মাণ ব্যয় | আরোপযোগ্য সুপারভিশন খরচ (টাকা) | সুপারভিশন খরচ আরোপ করা হয়েছে (টাকা) | সুপারভিশন খরচ কম আরোপ করা হয়েছে (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | MV-CITY-53 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ২ | MV-CITY-54 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ৩ | MT.MERCALTILE-49 | ১০,৫০,০০,০০০ | ২৬,২৫,০০০ | ৩,৫০,০০০ | ২২,৭৫,০০০ |
| ৪ | MT.MERCALTILE-48 | ১১,৫৫,০০,০০০ | ২৮,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২৫,৩৭,৫০০ |
| ৫ | MV-CITY-63 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ৬ | MV-CITY-50 | ২,৩১,৫৬,৫০০ | ৫,৭৮,৯১২.৫ | ৩,৫০,০০০ | ২,২৮,৯১২.৫ |
| ৭ | MV-CITY-62 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ৮ | MV-CITY-61 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ৯ | MV-CITY-60 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ১০ | MV-CITY-59 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ১১ | MV-CITY-58 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ১২ | MV-CITY-57 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ১৩ | MV-CITY-51 | ২,৩১,৫৪,৮৫০ | ৫,৭৮,৮৭১.২৫ | ৩,৫০,০০০ | ২,২৮,৮৭১.২৫ |
| ১৪ | MV-CITY-49 | ২,৩২,০৬,৮০০ | ৫,৮০,১৭০ | ৩,৫০,০০০ | ২,৩০,১৭০ |
| ১৫ | MV-CITY-48 | ২,৩২,০৫,০৪০ | ৫,৮০,১২৬ | ৩,৫০,০০০ | ২,৩০,১২৬ |
| ১৬ | MV-CITY-47 | ২,৩২,৩৯,৩৬০ | ৫,৮০,৯৮৪ | ৩,৫০,০০০ | ২,৩০,৯৮৪ |
| ১৭ | MV-CITY-46 | ২,৩১,৭২,২৬০ | ৫,৭৯,৩০৬.৫ | ৩,৫০,০০০ | ২,২৯,৩০৬.৫ |

| ক্র. নং | নৌ -যানের নাম | নির্মাণ ব্যয় | আরোপযোগ্য সুপারভিশন খরচ (টাকা) | সুপারভিশন খরচ আরোপ করা হয়েছে (টাকা) | সুপারভিশন খরচ কম আরোপ করা হয়েছে (টাকা) |
|---|---|---|---|---|---|
| ১৮ | MV-CITY-45 | ২,৩১,৯৬,৪০০ | ৫,৭৯,৯১০ | ৩,৫০,০০০ | ২,২৯,৯১০ |
| ১৯ | MV-CITY-44 | ২,৩১,৯৭,১০০ | ৫,৭৯,৯২৭.৫ | ৩,৫০,০০০ | ২,২৯,৯২৭.৫ |
| ২০ | MV-CITY-41 | ২,৩১,৭২,৩০০ | ৫,৭৯,৩০৭.৫ | ৩,৫০,০০০ | ২,২৯,৩০৭.৫ |
| ২১ | MV-CITY-56 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ২২ | MV-CITY-55 | ২,৩৫,০০,০০০ | ৫,৮৭,৫০০ | ৩,৫০,০০০ | ২,৩৭,৫০০ |
| ২৩ | MV-CITY-52 | ২,৩১,৫৯,০০০ | ৫,৭৮,৯৭৫ | ৩,৫০,০০০ | ২,২৮,৯৭৫ |
| ২৪ | MT.BASHUNDHARA OIL & GAS -1 | ৭,৮৬,৪৮,৬৫০ | ১৯,৬৬,২১৬.২৫ | ২,৫০,০০০ | ১৭,১৬,২১৬.২৫ |
| ২৫ | MT.BASHUNDHARA OIL & GAS -2 | ৭,৮৬,৪৮,৬৫০ | ১৯,৬৬,২১৬.২৫ | ২,৫০,০০০ | ১৭,১৬,২১৬.২৫ |
| ২৬ | MT.BASHUNDHARA OIL & GAS -6 | ৭,৮৬,৪৮,৬৫০ | ১৯,৬৬,২১৬.২৫ | ২,৫০,০০০ | ১৭,১৬,২১৬.২৫ |
| ২৭ | M. T. DOREEN-12 | ৩,০০,০০,০০০ | ৭,৫০,০০০ | ৩,০০,০০০ | ৪,৫০,০০০ |
| ২৮ | M. T. DOREEN-13 | ৩,০০,০০,০০০ | ৭,৫০,০০০ | ৩,০০,০০০ | ৪,৫০,০০০ |
| ২৯ | MV.ZUNAIRAH ZARISHA-3 | ২,০৯,৯৪,৩২৮ | ৫,২৪,৮৫৮.২ | ৩,০০,০০০ | ২,২৪,৮৫৮.২ |
| | | | | **মোট =** | **১,৫৯,৯৪,৯৯৭.২** |

**DPP তে সংস্থানকৃত Retaining Wall এর Estimated Cost ঠিক রেখে Length কম দেখিয়ে ঠিকাদারের সাথে চুক্তি করার ফলে সরকারের ক্ষতির বিবরণী:**

| SL NO. | ESTIMATED | | | | CONTACT | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | Location | Total length (m) | Total estimated cost(tk) | Per meter cost (tk) | Total length (m) | Length less than estimate (m) | Total cost (tk) | Per meter cost (tk) | Loss (tk) for deduct lenth (m) from estimate |
| ১ | KUTUBDIA | ২৩০ | ১,৫৩,৯৩,৮২৪.৭৫ | ৬৬,৯২৯.৬৭ | ১১৫ | ১১৫ | ১০,০৯,৩৮,৬৮৬ | ৯৬,৫৯২.০৪ | ২,৩১,৮২,০৯০.৫৮ |
| ২ | KUAKATA | ২২৫ | ১,৫৩,৩৩,৮২২.৪ | ৬৮,১৫০.৩২ | ১১৫ | ১১০ | | | |
| ৩ | DUBLARCHAR | ৩০০ | ২,৫৭,৭১,৩১৩.৭ | ৮৫,৯০৪.৩৭ | ৩০০ | ০ | | | |
| ৪ | CHAR KUKRI MUKRI | ৫৩০ | ৪,৭৫,৬১,২২৩.৮৭ | ৮৯,৭৩৮.১৫ | ৫১৫ | ১৫ | | | |
| TOTAL= | | ১২৮৫ | ১০,৪০,৬০,১৮৪.৭ | | ১০৪৫ | ২৪০ | ১০,০৯,৩৮,৬৮৬ | ৯৬,৫৯২.০৪ | ২,৩১,৮২,০৯০.৫৮ |

এখানে উল্লেখ্য যে, জনাব ক্যাপ্টেন জসিমউদ্দিন সরকার (১৫/৪/২০১৮ খ্রিষ্টাব্দ হতে ৩০/১০/২০২১ খ্রিষ্টাব্দ পর্যন্ত) নিরীক্ষাধীন সময়ে জিএমডিএসএস ও ইন্টিগ্রেটেড, নেভিগেশন সিস্টেম স্থাপন প্রকল্প পরিচালকের দায়িত্বে ছিলেন।

**প্রকল্পের মাধ্যমে আমদানীকৃত বিএসসি'র ৬ টি জাহাজ হতে রেজিস্ট্রেশন সুপারভিশন ফি কম আদায় করার বিবরণী:**

| ক্র. নং | জাহাজের নাম | জাহাজের ওজন (টন) | জাহাজের আমদানী মূল্য (টাকা) | আরোপযোগ্য সুপারভিশন ফি ০.১% হারে (টাকা) | সুপারভিশন ফি আরোপ করা হয়েছে (টাকা) | সুপারভিশন ফি কম আরোপ করা হয়েছে (টাকা) |
|---|---|---|---|---|---|---|
| ১ | M.V. BANGLAR JOYJATRA | ১৩৩৭১ | ২,০৪,৪২,৪০,০০০ | ২০,৪৪,২৪০ | ২,০৬,৫৪৪ | ১৮,৩৭,৬৯৬ |
| ২ | M.V. BANGLAR SAMRIDDHI | ২৫৮১৮ | ২,০৪,৪২,৪০,০০০ | ২০,৪৪,২৪০ | ২,০৬,৫৪৪ | ১৮,৩৭,৬৯৬ |
| ৩ | M.V. BANGLAR ARJAN | ২৫৫০০ | ২,০৬,৯৫,৪০,০০০ | ২০,৬৯,৫৪০ | ২,০৬,৫৪৪ | ১৮,৬২,৯৯৬ |
| ৪ | M.V. BANGLAR AGRAJATRA | ২৪১১৩ | ২,৯২,৪৯,৬০,০০০ | ২৯,২৪,৯৬০ | ২,০৬,৫৪৪ | ২৭,১৮,৪১৬ |
| ৫ | M.V. BANGLAR AGRADOOT | ২৪,১৬৭ | ২,৯৬,১১,৬০,০০০ | ২৯,৬১,১৬০ | ২,০৬,৫৪৪ | ২৭,৫৪,৬১৬ |
| ৬ | M.V. BANGLAR ARGRAGOTI | ২৪১৬৭ | ২,৯৬,১১,৬০,০০০ | ২৯,৬১,১৬০ | ২,০৬,৫৪৪ | ২৭,৫৪,৬১৬ |
| **মোট =** | | | | **১,৫০,০৫,৩০০** | **১২,৩৯,২৬৪** | **১,৩৭,৬৬,০৩৬** |

এখানে উল্লেখ্য যে, জনাব ড. সাজিদ হোসেন (২৮/০৩/২০১৯ খ্রিষ্টাব্দ হতে ০৯/১০/২০১৯ খ্রিষ্টাব্দ) এবং জনাব ক্যাপ্টেন মোঃ গিয়াসউদ্দিন (১০/১০/২০১৯ খ্রিষ্টাব্দ হতে অদ্যাবধি পর্যন্ত) নৌ বাণিজ্য দপ্তর, চট্টগ্রাম কার্যালয়ের অফিস প্রধানের দায়িত্বে ছিলেন।

তারিখ: ______ বঙ্গাব্দ
২৬/০৫/২০২৩ খ্রিষ্টাব্দ।

মহাপরিচালক
পরিবহন অডিট অধিদপ্তর, ঢাকা
মোঃ রফিকুল বারী খান
মহাপরিচালক
পরিবহন অডিট অধিদপ্তর
সেগুনবাগিচা, ঢাকা।



বা:স:মু:-২০২২-২৩/৫২৯৯ কম-এ(৯)—৭০০ বই, ২০২৩।